# আত্মকথা

রজত জয়ন্তী বর্ষ

৫ নভেম্বর , ২০২৫



**25 Years of Atmaja , The Association of Adoptive Parents , West Bengal**

**বাউলমন প্রকাশন**

(অন্য ভাবনার ধাত্রী)

**আমাদের কিছু উল্লেখযোগ্য প্রকাশনা**

সৈয়দ আখতার মির্জা
বিস্মরণের যুগে স্মৃতি চয়ন
(Memory in the age of amnesia)
ভাষান্তর: শর্মিষ্ঠা রায়,
মুদ্রিতমূল্য - ২৫০ টাকা

পণ্ডিত জ্ঞানপ্রকাশ ঘোষ-এর আত্মজীবনীমূলক একমাত্র বই-
তহজীব-এ-মৌসিকী (৫মমুদ্রণ),
মুদ্রিতমূল্য– ২৫০টাকা

বারবিয়ানা স্কুল থেকে (৮ জন তরুণ ছাত্রের লেখা) -
আপনাকে বলছি স্যার (সংযোজিত ও পরিমার্জিত ৫ম মুদ্রণ)
ভাষান্তর: সলিল বিশ্বাস
মুদ্রিতমূল্য - ১০০ টাকা

নোবেল জয়ী জেমস্ ডি ওয়াটসন
যুগ্মসর্পিল (The Double Helix) (২য়মুদ্রণ)
(ডিএনএ'র গঠন আবিষ্কারের একমাত্র রুদ্ধশ্বাস ও রোমাঞ্চ কাহিনী)
ভাষান্তর: হরেন্দ্রনাথ গাঁতাইত
মুদ্রিতমূল্য - ১২০ টাকা

অন্য-মনেরকথা (মনের অসুখ নিয়ে ১৭টি গল্প সঙ্কলন)
(২য়মুদ্রণ)
লেখক - ডা: শত্রুজিৎ দাশগুপ্ত
মুদ্রিত মূল্য - ৭০ টাকা

---

**বাউলমন নার্সিং হোম Baul Mon Nursing Home**
৩৪ রাম ঠাকুর সরনি, কলি- ৩২ **34 Central Road, Kol-32**
**Mob: 9231649057**
**একটি মানসিক স্বাস্থ্যকেন্দ্র A Centre for human mind**

এখানে প্রাপ্ত সুযোগসুবিধা **Facilities available here**

**Outdoor/বহির্বিভাগ**

*

বোধ শেখান/Consultation
সন্ধেবেলা 5:30 PM – 8:30 PM
Fees: Rs. 700/-
Registration charge: Rs. 250/-

**Indoor/অন্তর্বিভাগ**

*

কিছু কাল রেখে চিকিৎসা করা
দীর্ঘকাল রেখে আবাসিক হিসেবে চিকিৎসা করা
স্মৃতিভ্রংশ ও অন্যান্য চিকিৎসা যোগ্য
স্নায়বিক রোগের চিকিৎসা করা

- ব্যায় নির্ভর করে রোগীর অবস্থা, কতদিন চিকিৎসা, এইভাবে ব্যাক্তিগত প্রয়োজন হিসেবে
- সমস্ত রকম psychological test খুব যত্ন সহকারে ডাক্তারের উপস্থিতিতে করা হয় – এটা আমাদের একটা বিশেষ দিক

**Dr. Sarmistha Dasgupta**




“চ’লে যাব—তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ

প্রাণপণে পৃথিবীর সরাবো জঞ্জাল,

এ বিশ্বকে এ-শিশুর বাসযোগ্য করে যাব আমি

নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার”

# Content - সূচীপত্র


| | | |
|---|---|---|
| Message from Smt Tulika Das | Chairperson WB Commission for Protection of Child Rights | 1 |
| Message from Dr Nilima Mehta | Visiting Professor & National Consultant, Child Protection & Adoption | 2 |
| Message from Nina P. Nayak | Child Right Advocate. Former Member NCPCR, Chairperson Karnataka SCPCR & CWC, Bengaluru Urban District | 3 |
| Message from Sheela Adige | Secretary , Society for Indian Children's Welfare | 4 |
| Message from Chairperson Atmaja | The Association of Adoptive Parents , West Bengal | 5 |
| Message from Secretary Atmaja | The Association of Adoptive Parents , West Bengal | 6 |
| We gratefully acknowledge | | 7 |
| স্বপ্ন সত্যি হল শুকনো পাতার ঝড়ে | স্বপন নস্কর , শুভা মুখোপাধ্যায় , অহিতি | 9 |
| আমাদের ঋতায়ন | শতাব্দী দাশ | 11 |
| Chasing Todlers & Cheering Brides | Anjana Dewanji | 12 |
| ধ্রুব সত্য | সুচন্দ্রা দে | 15 |
| আত্মজার সঙ্গে পরিচয় | শুভ্রা ঘোষ চৌধুরী | 16 |
| When we lapped our Atmaja First | Pinaki Tewari | 17 |
| Atmaja – A family beyond blood | Puja Dutta | 18 |
| পরম্পরার উত্তরণ | ডঃ দীপঙ্কর পাত্র | 21 |
| মহোৎসব | প্রেমলতা পাণ্ডেয় | 24 |
| পুজোর গন্ধ | মৌসুমী বাসু | 26 |
| চিঠি | সেবিকা সাহা বিশ্বাস ও সঞ্জয় সাহা | 26 |
| বিষন্নতার বাংলা কী মন খারাপ | অনিন্দিতা দাস | 27 |
| আপন করার খেলা | ডঃ শর্মিষ্ঠা রায় | 28 |
| মাসাইদের দেশে কদিন | মৌসুমী দাস চৌধুরী | 29 |
| স্ফুলিঙ্গ | প্রসূন গাঙ্গুলী | 35 |
| How to talk about Adoption with your child – A Guide for Adoptive Parents | Sahana Rishu Kumar | 44 |
| পাখিদের কথা – পর্ব ৯ - বাতাসি | প্রভাত কুমার চট্টোপাধ্যায় | 47 |
| হাতে নিয়ে তুলি পাত্রে নিয়ে রঙ | ছোটদের পাতা – আত্মজ এবং আত্মজার দল | 49 |
| Baby's Day Out | Drawings by toddlers in the last Picnic | 52 |
| ক্যামেরা হাতে আত্মজার সদস্যরা | অচিন বাসু ও সোমনাথ মসাক | 54 |
| গ্রাউন্ড জিরো | সোমনাথ বসাক | 56 |
| ভূবিজ্ঞানী সুদীপ্তা সেনগুপ্ত | ঈশিতা দে | 58 |
| কন্যাকুমারী ও কেরালা | অচিন বাসু | 62 |
| The story of a unique dream comes true | Ahana Basu | 63 |
| Love Beyond Blood | Nina P. Nayak , Child Right Advocate. Former Member NCPCR, Chairperson Karnataka SCPCR & CWC, Bengaluru Urban District | 66 |
| West Bengal's Adoption Journey : A Decade of Commitments to Child Right | Dr Jagannath Pati , Former Director Central Adoption Resource Authority | 69 |
| অধ্যাপক মাধবেন্দ্র নাথ মিত্র | ডঃ সুজাতা রায় চৌধুরী , পরামর্শ দাতা মনোবিদ | 74 |

Tulika Das
CHAIRPERSON
WEST BENGAL COMMISSION FOR PROTECTION OF CHILD RIGHTS
Government of West Bengal

D.O. No. .............................. Date ..........................

Dear Atmaja Family,

Happy 25th Anniversary!

What an incredible achievement!

For a quarter of a century, you have dedicated yourselves to building families and changing lives. Your 25 years of dedication to creating and supporting loving adoptive families is truly inspiring.

Thank you for everything you do. We wish you continued success, joy and fulfilment as you embark on the next 25 year.

With the warmest congratulations,

Tulika Das

(Tulika Das)
Hon'ble Chairperson
(WBCPCR)
17.10.2025

ICMARD Building, (9th Floor), Block-14/2, C.I.T. Scheme-VIII(M), Ultadanga, Kolkata - 700 067
Phone : 033 6824 6324 • Mobile : +91 87778 07001, +91 98302 62165
e-mail : wbscpcr@gmail.com • website : www.wbcpcr.org

**Dr. Nilima Mehta**
Consultant Psychotherapist
Visiting Professor& National Consultant
Child Protection & Adoption



Dear Atmaja Friends,

**"Celebrating 25 years of Love beyond Blood"**

What a wonderful journey of 25 years!! Indeed a landmark for families that are built by boundless love!!

Adoption is beautiful emotional trajectory of hearts connected to each by love. Together the parents and children create a bond that transcends origins and a reminder that ties of love are profound and create a new definition of family.

The Silver Jubilee is just not a celebration of time… but a celebration of families that were not born from blood ties.

As Atmaja celebrates these 25 glorious years, we honour every parent and child that came together through the process of Adoption. Together they remind us that a family is not defined by origin but by the "Depth of Love that is SHARED BY THEM".

To the founders, members and every precious family in this association, thank you for showing the world that "ADOPTION IS A BEAUTIFUL WAY OF BUILDING A FAMILY"

**Best Wishes to Atmaja.**



Dr. Nilima Mehta
**Adoption Counsellor**

From
Nina P. Nayak,
Child Rights Advocate,
2, Chitrakoot Apts, 18th Cross Road,
Malleshwaram West,
Bengaluru-560066



To
Sri Anup Dewanji,
Chairperson,
The Association of Adoptive Parents,
517, Jodhpur Park
Kolkata -700068

Dear Sri Anil Dewanji,

Message for Atmaja's 25th Anniversary

It fills my heart with joy to extend my warm greetings to *Atmaja* on the momentous occasion of its 25th anniversary. A journey that began with a few committed adoptive parents coming together to share their experiences has blossomed into a vibrant association that continues to inspire, guide, and support families who have chosen to build their lives through adoption.

Over the years, *Atmaja* has not only created a strong network of adoptive families but has also become a beacon of awareness, compassion, and advocacy in the field of adoption. By promoting openness and normalizing conversations around adoption it has ensured that every child's right to family life remains at the heart of its mission.

As someone who has walked alongside many adoption journeys—both personally and professionally—I deeply appreciate the courage, patience, and perseverance that define this community.

Congratulations to every founder member, and supporter of *Atmaja* who has contributed to this extraordinary 25-year journey. May *Atmaja* continue to light the way for many more families and children in the years ahead.

With admiration and warm regards,

Nina P. Nayak

31st Oct. 2025

Nina P. Nayak

SICW

Society For Indian Children's Welfare

20 & 22 Col. Biswas Road, Beckbagan, Kolkata - 700 019

Ph. : 033-2289 0126, 033-2290 2330, 033-2290 2331 • e.mail : sicwind@gmail.com • Website : www.sicwforchildren.org

## Message for Atmaja's 25 years Celebration

Heartfelt Congratulations to Atmaja on completing 25 remarkable years of pioneering work with adoptive families. Your unwavering dedication, compassion and vision has been a guiding light and strengthened the adoption community in lasting ways. Wishing Atmaja continued success in your tireless support to adoptive parents and children alike.

Sheela Adige
Secretary
Society For Indian Children's Welfare

Dated: 15th October, 2025

Society for Indian Children's Welfare 20 & 22, Col. Biswas Rd. Kol-19

Registered under the West Bengal Societies Act, 1961, Regd. No. S/29637 of 1980-81 Regd. Office : 20, Col. Biswas Road, Kolkata - 700 019

atmaja

**The Association of Adoptive Parents**

**A Journey of Twenty Five Years and beyond....**

## Message from the Chairperson

**The bond of love and friendship, riding the cause of adoption and family values, has survived twenty five long years. Atmaja, The Association of Adoptive Parents, established in the year 2000, has journeyed through these years with highs and lows, as is expected in any growing up process. As the present chairperson of this association, I feel proud and privileged to address the readers on this memorable occasion of its silver jubilee. I take this opportunity to gratefully acknowledge the courageous initiative of the founding members, the wisdom and effort of the founding and successive Executive Committees to guide this association through the difficult days, cherish the many achievements and celebrate the happy moments. I also acknowledge the support from many other related organizations including the different offices of the State Adoption Resource Agency (SARA) and Central Adoption Resource Authority (CARA). The selfless contribution of the different Specialized Adoption Agencies (SAAs) in the country to the adoption process in general is an important component that makes our existence so meaningful.**

**I like to end this message with a positive wish that Atmaja strives through the coming years with younger adoptive parents taking charge and responsibility to further the cause of adoption in line of the general objectives of our association. I also hope that, in view of the very local character of our association, the adoptive parents in the different cities of our country form such associations to widen the scope and acceptability of adoption, an alternative way to parenthood. Adoptive parents like us, and many of our well-wishers, can vouch for the joy of parenthood that can be achieved through adoption. Lastly, I thank the readers to pick up this special issue of Atmakatha, an outlet of our voice.**

### Anup Dewanji

atmaja **The Association of Adoptive Parents**

**A Journey of Twenty Five Years and beyond....**

## সম্পাদকের কলমে

পঁচিশ বছরে পা দেওয়ার এই আনন্দময় মুহূর্তে বেশ স্মৃতিমেদুর হয়ে পড়েছি। মনে হচ্ছে এই তো সেদিন আমরা কয়েকজন মিলে গুটি গুটি পায়ে পথ চলা শুরু করেছিলাম। তখন বেশ দ্বিধাগ্রস্ত; যদিও কিছু সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে পথ চলা শুরু হয়েছিল, আমরা কখনই নিশ্চিত ছিলাম না কতদুর যেতে পারব, অভীষ্ট লক্ষ্যে আদৌ পৌঁছতে পারব কিনা। আজ এতটা পথ পাড়ি দেওয়ার পর মনের মধ্যে সেই বিশ্বাস জন্মেছে যে আমরা আরো অনেকদুর যেতে পারব। যেসব শিশুদের আমরা কোলে করে আত্মজার প্রারম্ভিক বছরগুলো কাটিয়েছি, আজ তারা অনেকেই কলেজ পাশ করে চাকুরীতে কর্মরত, বা বিবাহসূত্রে আবদ্ধ। প্রকৃতির নিয়ম অনুযায়ী সেই স্থান পূর্ণ হয়েছে নতুন সভ্য ও নতুন আত্মজদের দিয়ে যাদের কিচির-মিচির জম্‌জমাট করে রেখেছে আমাদের বিভিন্ন মিলন স্থল। আত্মজা আজ ফুলে-ফলে ভরা যৌবনে পরিপূর্ণ এক তরুণী; প্রজাপতির মত পাখা মেলে সে নেচে বেড়াচ্ছে জীবনের বিভিন্ন ক্ষেত্রে; কাউকে করছে আনন্দদান, বা কাউকে দিচ্ছে আশ্বাস। এ আমাদের এক গর্বের মুহূর্ত, আনন্দের মুহূর্ত, প্রেরণার মুহূর্ত, নতুন নতুন দায়িত্ব নেওয়ার মুহূর্ত। আত্মকথা এই মুহূর্তটাকে সুন্দর ভাবে লিপিবদ্ধ করে রাখুক, এটাই আমার প্রার্থনা।

আমাদের এই যাত্রা মোটেই সহজ ছিল না। সমস্ত বাধাবিঘ্ন অতিক্রম করে আজ আমাদের এই গর্বময় মুহূর্তে পৌঁছে দিয়েছে আমাদের পূর্বসুরীরা। তাঁদের অবদান অনস্বীকার্য। এই যাত্রায় তাঁদের কয়েকজনকে আমরা হারিয়েছি। মনে পড়ে সান্ত্বনা ঘোষ, পীযুষ কান্তি দাস ও শুভ্রা দাস, দোলন ব্যানার্জী, দেবব্রত চ্যাটার্জী, সুবীর মুখার্জী, সুরঞ্জন সাহা এবং ডঃ অমিতাভ রায়, যাদের আমরা হারিয়েছি এবং যাদের ইচ্ছাশক্তি, শ্রম ও সহযোগিতা আমাদের এতটা পথ চলতে সাহায্য করেছে। বিশেষ করে মনে পড়ে যায় অরিন্দম চক্রবর্তীকে, আমাদের আত্মজ, যাকে আমরা অকালে হারিয়েছি; প্রতিটি পিক্‌নিকে তার প্রাণবন্ত দৌড়াদৌড়ি এখনও চোখের সামনে ভাসে।

সকল সভ্যদের এবং আমাদের সমস্ত শুভানুধ্যায়ীদের জানাই আমার আন্তরিক ভালোবাসা, শুভেচ্ছা ও অভিনন্দন। আশা করি আগামী ভবিষ্যতেও আমরা সকলে একে অন্যের সহযোগিতায় একইরকম সক্রিয়ভাবে এগিয়ে যেতে পারব এবং সমাজে আরো বড় ছাপ রাখতে পারব। ভালো থেকো ও থাকবেন। জড়িয়ে থাকবেন আত্মজার সাথে।

**সঞ্জয় শিকদার**
**সম্পাদক, আত্মজা**

# We gratefully acknowledge the contribution from

| | | |
|---|---|---|
| **Mousumi Naskar** | **Chaitali Bhattacharjee** | **Suvasmita Nandi** |
| **Indrani Datta** | **Nandini Ganguli** | **Sunanda Biswas** |
| **Nazimul Haque** | **Shirsendu Mukherjee** | **Asif Golder** |
| **Kusumika Kundu** | **Debasmita Haldar** | **Gouri Kumar Nanda** |
| **Arabinda Das** | **Prajna Mondal** | **Dr Bibek Brata Das** |
| **Dr Manas Chakraborty** | **Ajoy Kumar Ghosh** | **Pranob Saha** |
| **Vivekananda Saha Ray** | **Nibedita Sen** | **Asit Baran Ray** |
| **Soma Ray Chowdhury** | **Arun Roy Chowdhury** | **Shakti Pada Saha** |

**We sincerely regret that few more names we could not mention here because of last moment information**

Our Printing Partner: Spectrum

Our Video Partner : Sandip Dutta

Our Stage Decoration Partner : Tapan Karmakar

Our Sound Arrangement Partner : Saha Sound & Light , Bijaygarh

Our Musician Partners : Manas Bhattacharya and Debabrata Mukhopadhyay

And

We thankfully acknowledge Dr Dipankar Patra , our member who has designed the Volunteer Badge and the Stage Banner and Sri Kaustuv Bhattacharjee who has designed the e-invitation card

**And of course, we are really proud of Smt Suchismita Shikder one of our atmaja, who has designed the beautiful cover of Atmakatha , special silver jubilee issue**

atmaja

**The Association of Adoptive Parents**

**A Journey of Twenty Five Years and beyond....**

# Flag Bearers

**Recognizing Our Leadership through the Years**

**Atmaja gratefully acknowledges the contributions of the different Executive Committee members since its inception in the year 2000. Their collective leadership and dedication have been instrumental in making the association stronger and promoting the cause of adoption. Below is a list of the Chairpersons, Secretaries, and Treasurers who have served over the years.**

| Chairperson | Secretary | Treasurer |
|---|---|---|
| Nilanjana Gupta (2000-2011) | Swapan Naskar (2000-2003) | Gautam Ghosh (2000-2007) |
| Sheemantika Nag (2011-2017) | Sheemantika Nag (2003-2007) | Sanjay Sikdar (2007-2023) |
| Gautam Ghosh (2017-2019) | Anup Dewanji (2007-2015) | Prasun Ganguli (2023- Contd ) |
| Swapan Naskar (2019-2023) | Subir Banerjee (2015-2017) | |
| Anup Dewanji (2023- Contd ) | Anup Dewanji (2019-2023) | |
| | Prabhat K Chattopadhyay (2017-2019) | |
| | Sanjay Sikdar (2023- Contd ) | |

**The journey of Atmaja so far could be possible because of each and every member who are our real strength and the only magic we had is love and nothing else.**

# স্বপ্ন দেখা দিল শুকনো পাতার ঝড়ে

**স্বপন নস্কর , শুভা মুখোপাধ্যায় এবং অহ্নিতি**

'আত্মজা' এই শব্দটির সঙ্গে আমরা মানে আমি এবং আমার পার্টনার ইন ক্রাইমের পরিচয় হয়েছিল ১৯৯৭ সালে। সেই সময় আমরা মিশনারিজ অফ চ্যারিটিতে হাঁটাহাঁটি শুরু করেছি আর যেহেতু কন্যা সন্তান নেব আগেই ঠিক করেছি তাই মেয়ের নাম ও ঠিক করে ফেলেছি মনে মনে – আত্মজা। তারপর ১৯৯৭ সালের শেষে ডিসেম্বর মাসে যখন আমাদের মেয়েকে প্রথম দেখি সেদিন আমাদের দুজনের মনেই এখনো স্মৃতি হিসাবে উজ্জ্বল। শীতের মধ্যে সারা শরীর গরম পোশাকে ঢাকা । শুধু মুখটুকু বের হয়ে আছে। আমাদের দেখেই ফিক করে হাসি। সেই মুহূর্তেই বুঝে গেছি দুষ্টুমীতে ভরপুর একজন আসতে চলেছে আমাদের ঘরে।



কিন্তু মেয়ের নাম আত্মজা রাখা হলনা । এবং এর জন্যে দায়ী হলেন সিস্টার মার্জোরি যিনি তখন শিশুভবনে সিস্টার – ইন – চার্জ । দেখলাম মিশনারিজ অফ চ্যারিটিতে সবাই মেয়েকে অনহিতি ( এটাই আমরা উচ্চারণ শুনে প্রথমে ভেবে ছিলাম )। ভারি অদ্ভুত নাম তো। স্বভাবতই কৌতুহল হল। কেন এই নাম ? কে দিয়েছে ? জানা গেল সিস্টার মার্জোরি নিজেই এই নাম রেখেছেন। তারপর সেই যে সৈয়দ মুজতবা আলী লিখেছিলেন না – ওষুধের শিশিতো আর রাসবিহারী বসু নন যিনি জাপানে পালিয়ে যাবেন তাই তিনি ধরা পড়লেন। তেমনি করে আমরাও সিস্টার মার্জোরিকে পাকড়াও করলাম। বলুন সিস্টার ! কেন এই অদ্ভুত নাম অনহিতি। সিস্টার প্রথমেই আমাদের ভুল ভাঙিয়ে বললেন অনহিতি নয় অহ্নিতি । মেনকা গান্ধীর Ten Thousand Names থেকে এই নামটি আমি নিয়েছি। এর মানে হল উপহার বা গিফট। এ হল মিশনারিজ অফ চ্যারিটির পক্ষ থেকে গিফট আপনাদের জন্য। এরপরে মেয়ের নাম অহ্নিতি ছাড়া অন্য কিছু ভাবতে পারিনি আমরা। 'আত্মজা' নামটা রয়েই গেল আমাদের মনের ভিতরে।





সেই সময় প্রায় একই সঙ্গে দত্তক নিয়েছিল আমাদের সমবয়সী আরো কেউ কেউ । যাদের মধ্যে ছিল নীলাঞ্জনা গুপ্ত আর গৌতম গুপ্ত । যারা তখন যাদবপুরে পড়ায় আর ঘরের খেয়ে বনের মোষ তাড়ায়। অতএব সিস্টার অদ্রে ওদের ধরলেন – একটা সাপোর্ট গ্রুপ তৈরি করো। নীলা আর গৌতমও তখন সুইডেন , নরওয়ে ঘুরে এসেছে । সাপোর্ট গ্রুপের ধারণা ওদের কাছে ছিলই । এইমত কাজ শুরু হল ছোট ছোট মিটিং করে – অনুপ , অচিন , গৌতম ঘোষ , দেবাশীষ রায় , শর্মিষ্ঠা , সুবীর মুখার্জি , দেবরাজ বাবু, সঞ্জয় আমরা যাতায়াত শুরু করলাম মিশনারিজ অফ চ্যারিটির বিভিন্ন গেট টুগেদারে।

এর বেশ কিছুদিন পরে ২০০০ সালের শেষের দিকে যখন আমরা আমাদের সাপোর্ট গ্রুপ তৈরি করছি মিশনারিজ অফ চ্যারিটিতে বসে এবং মূলত সিস্টার অদ্রে'র অনুরোধে। সেই সময় আমরা সংগঠনের নাম কী হবে তাই নিয়ে পোল পর্যন্ত করেছি। মজার ব্যাপার হল যে সবাই অনেক নাম পাঠিয়েছিল। আমি আর নীলাঞ্জনা কোন নাম দিইনি কারণ আমরাই পোল করেছিলাম। এবার আমরা যখন বসে ছিলাম মিশনারিজ অফ চ্যারিটির ঘরে নাম ঠিক করতে । তখন কোন নামই সবাই একমত হয়ে ঠিক করতে পারলাম না। তখন আমি একটু কুণ্ঠা ভরেই বললাম – আত্মজা রাখলে কেমন হয় ? ব্যাস! সবাই হৈ হৈ করে ঠিক করল আমাদের এই গ্রুপের নাম – আত্মজা।

আজ থেকে পঁচিশ বছর আগে ৫ নভেম্বর ২০০০ সালে মিশনারিজ অফ চ্যারিটিতে বসে আমরা একুশ জন দম্পতি সই করলাম আমাদের সনদে । সেই ঘোষণা পত্রে সই করলেন সিস্টার মার্জোরি সাক্ষী হিসাবে । সেদিন আমরা জানতামই না এক ঐতিহাসিক মুহূর্তের নির্মাণ হল সেদিন দত্তক ব্যবস্থার ইতিহাসে-

যার নাম – আত্মজা। কিন্তু এই ইতিহাস যে আবার আরো একবার ফেরারী স্মৃতি হয়ে আমাদের কাঁদাবে সেটা জানতাম না।

এর মধ্যে ভাগীরথী দিয়ে বয়ে গেছে অনেক জল । আমরা ব্যারাকপুর থেকে ট্রান্সফার হয়ে মুর্শিদাবাদে ছিলাম বেশ কিছুদিন । তারপর আসানসোল ঘুরে চলে এলাম আবার কলকাতায়। একে একে আত্মজার দশ বছর উৎসব গেল , কুড়ি বছরের উদযাপন পর্যন্ত হয়ে গেল । এর মধ্যে একদিনও কিন্তু মেয়ে কিছুই বলেনি । এরপর ২০২৪ সালে ওর জন্মদিনে আমরা ঠিক করলাম যে আমরা ওকে নেবার জন্যে মিশনারিজ অফ চ্যারিটিতে অনেক হাঁটাহাঁটি করার পরে যেদিন প্রাথমিক অনুমতি পেয়েছিলাম নথীপত্র জমা দেবার সেদিন আনন্দে যে রেস্টুরেন্টে খেয়েছিলাম সেই জিমি'স কিচেনে খাবো। সেদিন থেকে মেয়ে বলতে শুরু করল শিশুভবন যাবে আর সিস্টার মার্জোরির সঙ্গে দেখা করবে।

যেমন ভাবা তেমন কাজ। আমরা ২৩ জুন ২০২৪ মেয়ের জন্মদিনে গেলাম মিশনারিজ অফ চ্যারিটি যার পাশেই জিমি'স কিচেন। সেখানে গিয়ে জানতে পারলাম সিস্টার এখন রয়েছেন বারুইপুরে কীর্তন খোলা নামে একটা জায়গায় মিশনারিজ অফ চ্যারিটির হোমে। সেই হোমের নাম্বার নোট করে চলে এলাম । তারপর বেশ কয়েকবার ফোন করে ঠিক হল ২৫ ডিসেম্বর বড়দিনের বিকেল বেলায় আমরা যাবো সিস্টারের সঙ্গে দেখা করতে। সেই মত আমরা চলে গেলাম ২৫ ডিসেম্বর বারুইপুর কীর্তনখোলায়।

আমরা যেটা জানতাম না। আসলে একজন যিনি উপহার দিয়েছিলেন আর একজন যিনি সেই উপহার হিসাবে এসেছিলেন আমাদের কাছে তাঁদের মধ্যে স্থানের দুরত্ব ছিল অনেক কিন্তু মনের দুরত্ব বোধহয় ছিলনা। আত্মার সেই টান যে টানের জোরেই আমরা বলি ভালোবাসা রক্তের থেকেও গাড় সেই টান যে কত প্রবল হতে পারে সেটা আমরা বুঝলাম বারুইপুরে গিয়ে যেদিন কলকাতা শিশুভবন থেকে বারুইপুর কীর্তন খোলা এই পঁচিশ বছরের বৃত্ত সম্পূর্ণ হল। সত্যি কথা বলি আমরা মোটেই প্রস্তুত ছিলাম না সেই নস্টাজিয়ার প্রবল ঝড়ের জন্য । তাই ঠিক সেই মুহূর্তের ছবি আমাদের ক্যামেরায় ধরতে পারিনি। তবু যেটুকু পেলাম সেটাও কম নয়। সেইটুকুই আজ তুলে ধরলাম।



আজ এতদিন পরে যখন পিছন ফিরে তাকাতে ইচ্ছে করছে তখন একটা কথাই আমাদের মনে আসছে । পঁচিশ বছর আগে আমরা যখন শুরু করেছিলাম আত্মজা'র পথ চলা তখন পথ সম্বন্ধে কোন ধারণাই ছিলনা আমাদের। যে ভাবে আমাদের মেয়ে বড়ো হয়েছে। ঠিক সেভাবেই আত্মজাও বড়ো হয়েছে একই সঙ্গে একই স্নেহে, যত্নে ও আদরে।

প্রায় কিছুই আমরা জানতাম না। হয়ত ব্যক্তি স্তরেই সীমাবদ্ধ থেকে যেত আমাদের যাপন যদিনা মিশনারিজ অফ চ্যারিটির সিস্টার অড্রে এবং সিস্টার মার্জোরি আমাদের না দেখাতেন আমাদের জীবন যাপন সামাজিক স্তরে সংযুক্ত করার রাস্তা। তাই পঁচিশ বছরের এই বৃত্ত সম্পূর্ণ হবার মুহূর্তে সিস্টার অড্রে এবং সিস্টার মার্জোরি আমাদের কাছে এক অমূল্য স্মৃতি হয়ে আছে।

সিস্টার অড্রে আমাদের মধ্যে নেই আর । যিনি আছেন সেই সিস্টার মার্জোরিকেই ছুঁয়ে আমরা তাই বলতে চাই ... এমন উপহারই যেন প্রতিটি ঘরে ঘরে দেয় এই পৃথিবী যাতে সমস্ত গুটিপোকাই প্রজাপতি হয়ে উড়ে যেতে পারে আর পৃথিবীর দিকে তাকিয়ে বলতে পারে ...ভালোবাসা রক্তের চেয়েও গাঢ়!!

# আমাদের পুত্র ঋতায়ন

শতাব্দী দাশ ( চট্টোপাধ্যায় )

আমাদের পুত্র ঋতায়ন আমাদের জীবনে এসেছে ২০০২ সালের ৪ঠা নভেম্বর। দিনটা ছিল দীপাবলী। ও আসায় ঘরে সেদিন সত্যিকারের দীপাবলী, আলোয় ভরে উঠেছিল আমাদের ঘর আর জীবন। সেদিন থেকেই ওকে ঘিরেই আমাদের সব স্বপ্ন, সব আনন্দ। ওর বেড়ে ওঠা, হাঁটতে শেখা, কথা বলতে শেখা, সব অভিজ্ঞতা যেন এক অনির্বচনীয় আনন্দ এনে দিয়েছিল আমাদের জীবনে। ও যখন আমাদের বাড়িতে এল, ওর বয়স ছিল ২ মাস ২০ দিন। আজ ও ২৩ বছর বয়স পূর্ণ করেছে। আমার মা- বাবার জীবনেও ও এনেছিল বিশেষ আনন্দ।আমি কর্মস্থলে থাকার সময়টা ও তাঁদের বাড়িতে কাটাত বেশির ভাগ দিন, যখন ও স্কুলে যাওয়া শুরু করে নি। তারপর ওর স্কুল জীবন, আমার মা-- বাবার কালের অমোঘ নিয়মে পৃথিবী থেকে বিদায় নেওয়া, ওর কলেজ জীবন পেরিয়ে ও এখন একটা বিশ্ববিদ্যালয়ে এম.এ ক্লাসের ছাত্র। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শ্রেণী পেয়ে অনার্স গ্রাজুয়েট হয়েছে।

বাড়ির সকলের ই ও খুব আদরের । ওর ঠাম্মা খুব ভালোবাসতেন ওকে। ওর জ্যেঠু, জ্যেঠিমা, কাকা- পিসিরা- পিসেমশাইরা আর কাজিন দিদি- জামাইবাবুরা ও দাদা- বৌদিরা ওকে ভীষন ভালবাসে।



ছোটবেলা থেকেই ঋতায়ন গ্রুপ থিয়েটারে অভিনয় শিখেছে। এখনও শিখছে। অভিনয় করেছে বহু নাটকে। কলকাতার প্রায় সব মঞ্চে তো বটেই, অন্যান্য শহরে, অন্য রাজ্যেও ওর অভিনীত নাটক পরিবেশিত হয়েছে। দিল্লির ন্যাশনাল স্কুল অব্ ড্রামাতেও ওদের নাটক মঞ্চস্থ হয়েছে। ভবিষ্যতে নাট্যকর্মী থাকার সঙ্গে ও শিক্ষকতার পেশায় নিজেকে নিয়োজিত করতে চায়। ঋতায়ন গান ও শিখেছে।

ওর অভিনয় প্রশংসিত হয়েছে বিভিন্ন সময়ে। ইতিমধ্যে ওর বাবা চাকরি থেকে অবসর নিয়েছেন, আমিও অবসরের দ্বারপ্রান্তে। আগামীদিনে ও নিজের পেশাগত জীবনে প্রতিষ্ঠা পাক, প্রশংসা লাভ করুক, এই আমাদের একান্ত কামনা। সুন্দর একটা মনের অধিকারী ও । ওর ভবিষ্যৎ জীবন সফল হোক এই প্রার্থনা করি। যুক্ত থাকুক বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে। জীবনের সার্থকতা খুঁজে পাক আমাদের সকলের আদরের ঋতায়ন - এই শুভেচ্ছা ওর জন্যে।

------------------------------

আমি শতাব্দী দাশ ( চট্টোপাধ্যায় ) ঋতায়নের মা। বর্তমানে আমি পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে মুখ্য বিজ্ঞানী পদে কর্মরতা। বিজ্ঞান আন্দোলনের সাথে যুক্ত ও বিজ্ঞান লেখিকা। আমার স্বামী, প্রভাত কুমার চট্টোপাধ্যায়, ইংরেজি সাহিত্যের ছাত্র পেশাগত ভাবে মানবসম্পদ উন্নয়ন বিশেষজ্ঞ এবং কলকাতা পোর্ট ট্রাস্টের অবসর প্রাপ্ত আধিকারিক। আমরা ২০০৩ সাল থেকে আত্মজার সাথে যুক্ত। এখন আমরা উত্তর কলকাতার বাগবাজারে বসবাস করি।

# Chasing Toddlers and Cheering Brides: Watching Generations Grow

**Anjana Dewanji**

As I watched the Annual General body meeting of Atmaja unfold on 24 August, 2025, I was struck by how much we have changed over the years—yet how much remains comfortingly the same. The faces may look different, the hair may have thinned or vanished altogether, but the essence of these gatherings remainspirited and timeless.Due to my long association with this Society, I felt nostalgic andcould perceive snapshots of continuity between then and now.

## The Annual Ritual




The Executive Committee, distinguished by greying hair, bald patches, and years of dedication, began formal reporting. Asaccounts were passed, auditsconfirmed, and the year's activities (picnics, tours and workshops) read out—it felt familiar, a bit like flipping through a family album. In a world where everything else seems to be changing at dizzying speed, these rituals are oddly comforting. They remind us that while children may grow from crayons to careers and parents from energetic chasers to relaxed observers, things—like picnics in the sun, statement of accounts, and the inevitable vote of thanks—are reassuring constants in our shared circle of life.

## Roles Reversed, Yet Familiar

Around the hall, the wheel of time played out in small but telling ways. The older boys, now responsible young men, handed out food packets with efficiency. One doubled up as the official photographer, capturing the moments that the rest of us will nostalgically revisit in years to come. The mothers who had recently married off their daughters gathered in animated little clusters, possibly exchangingstories. The older moms leaned back, content to relax and enjoy the show. The new momsdashed after their little ones with exasperation mixed with love—exactly what the older generation once did. The cycle continues, familiar yet fresh.

### The Show Stealers: From Toddlers to Brides

Then came the cultural performances—the heart of every celebration. Young mothers, brimming with enthusiasm, nudged their little ones on stage, some kids bursting with confidence, others freezing mid-line or forgetting their steps, all equally cheered on. Proud smiles lit up the room, not just from the parents, but from older women too—once young mothers themselves—who watched with a sparkle of nostalgia, remembering when *their* children stood in those same tiny shoes.




One moment captured the essence of time passing: on stage, our once-mischievous toddlers—now graceful young women—spoke about marriage, responsibility and partnership with poise, even taking questions from the audience. Just below, a trio of tiny tots tore through the hall in carefree chaos, oblivious to the wisdom being shared above. The contrast made me smile: the relay of life in action, unfolding in real time right before our eyes. It was the perfect picture of continuity—the toddlers today, on their way to becoming the brides, professionals, and role models of tomorrow.

### The Race That Never Ends

Thebeauty of these gatherings is that they are less about formal agendas and more about quietly celebrating continuity. Children growing up, parents evolving, roles shifting, but always with a common thread of love and belonging. Across generations, each group of parents extends silent reassurance to the next that though the world continues to change, certain valuesremain timeless. While technology may capture fleeting moments, it is the shared laughter, the unspoken bonds, and the collective support of an extended family that truly endure. Parenting is a joyful, chaotic, beautiful race of raising and supporting our children which never really ends. The runners may change, and the track may sometimes twist in unexpected directions, but the race goes on and on.

As our society marks 25 years on November 5, 2025,a new lap begins.

To the younger parents:

Take the baton—not as duty, but as gift.
Carry it forward with pride,
learn from those before—the seasoned players,
and shape the future of this story we share.

And one day, not far from now,
you too will pass the legacy—
not as an ending,
but as a beautiful continuation
of the ever-turning circle of life.

May joy light the path and togetherness be the rhythm beneath your stride!

**With best compliment from ...**

SWAPNIL
SISHU KISHORE NATYA SANSTHA, BARRACKPORE
37, ROYAL PARK, P.O. : SEWLI TELINIPARA, KOL-700121
Reg. No. : S/IL 41860
Mob. : 9007385496 / 8820131667 / 9477149882

# ধ্রুব সত্য

সুচন্দ্রা দে

নবজাতকের কোন জাত নেই
শুধু একটাই পরিচয়,
মায়ের শূন্য কোল আলো করা
পরম প্রাপ্তি অক্ষয়।
পুত্র হোক সে অথবা কন্যা
জগতের সেরা সৃষ্টি,
স্নেহ- ভালোবাসা আদরে সোহাগে
রুক্ষ মরুতে বৃষ্টি।
আধো আধো কথা মিষ্টি হাসিতে
ভরিয়ে যখন রাখে সে
মায়ের হৃদয়ে জ্বলে ওঠে আলো
স্বর্গ সুখেই থাকে সে।
নবজাতকের কোন জাত নেই
নতুন ভোরের সূচনা,
আজ থেকে তাই দূর হয়ে যাক
সন্তাপ অনুশোচনা।



এই ফুলের সাজ কবি কন্যা সুচনার মনের মাধুরী এবং কল্পনার নির্মাণ

## আত্মজার সঙ্গে পরিচয়

### শুভ্রা ঘোষ চৌধুরী

আমি একজন বয়স্ক মহিলা। আমার আত্মজার সঙ্গে পরিচয় আমার মেয়ের দত্তক নেওয়া সন্তানের মাধ্যমে। আমি আত্মজার সদস্যদের সঙ্গে তিন চারটি অনুষ্ঠানে পরিচিত হয়েছি। আমি গতবারের মতো এবারও উনাদের সাথে শান্তিনিকেতন বেড়াতে গিয়েছিলাম। সেখানে আমরা সকলে কবিগুরু প্রতিষ্ঠিত বিশ্বভারতীর বিভিন্ন বিভাগ পরিদর্শন করলাম। আমি এত আনন্দ করেছি যে ভাবতে অবাক লাগে যে এই বয়সে কি করে করলাম। ওনাদের সাহচর্য না পেলে আমি হয়তো পারতাম না। ওনাদের আন্তরিকতা দেখে মনে হয় যেন আমরা একই পরিবার ভুক্ত। এছাড়া আমরা শান্তিনিকেতনের সোনাঝুরি হাট গিয়ে বেশ আনন্দ করে কেনাকাটা করেছি। এছাড়া সারাদিন ঘোরাঘুরির পর রাত্তিরে একসঙ্গে বসে নানা রকম গল্প গান আবৃত্তি ইত্যাদি মাধ্যমে আমরা একসঙ্গে সময় কাটিয়েছি। আমি অন্তর থেকে কামনা করি যেন এই প্রতিষ্ঠানের কর্মকাণ্ড ও পরিচিতি দিকে দিকে ছড়িয়ে পড়ুক ও সাফল্য মন্ডিত হোক।




## আত্মকথা

### তনিমা ভট্টাচার্য্য

আমার ছোটোবেলা থেকেই খুব আঁকার নেশা। সেই নেশাই আজ পেশা হয়ে দাঁড়িয়েছে। অনেক যুদ্ধ করে তবে আজ সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছি, তবে আরো অনেক পথ চলতে হবে। নীচে আমার হাতে আঁকা এই ছবিটির মেয়ে আমি। ভালোবাসি আমার চারিপাশের এই ফুল, পাখী, জীব, আকাশ, নদী ও জল। ছো্টোবেলা থেকেই বাচ্চা আমার ভীষণ প্রিয়। কিন্তু কপাল গুণে নিজের আর হল না, তাতে কি? আমি ভাবি নিজের শিশুকে তো সবাই ভালোবাসা দেবেই। কিন্তু এই যে অনাথ শিশুরা, তারা কোথায় ভালোবাসা পাবে? তাই বুঝি ভগবান আমাদের মতন কিছু মানুষকে বেছে নিয়েছেন। আর আমাদের দিয়েছেন এক ধৈর্যের পরীক্ষা, কবে সেইরকম এক শিশুকে পাব যে আমার কোল ভরে দেবে, মন ভরে দেবে আনন্দালোকে, জীবন ভরিয়ে দেবে পূর্ণতায়।

আজও আমি সবার মাঝে একা, কারণ আমার সেই পরীক্ষা বা অপেক্ষা এখনো শেষ হয়নি। আমার কোলে এখনো একটি শিশু আসেনি। তবে আমার আঁকা ছবিগুলোকেই আমি নিজের শিশুর মতন যত্ন করি। অনেকটা পথ হেঁটেছি, আরো অনেকটা চলতে হবে।

তনিমা ভট্টাচার্য্য একজন সুপ্রতিষ্ঠিত চিত্রকর এবং একটি শিশুকে কোলে পাওয়ার আশায় অপেক্ষারত। এইরকম অপেক্ষমান দম্পতিদের একটি কর্মশালায় তনিমার সাথে আত্মজার আলাপ ও যোগাযোগ।



# When we lapped `Our Atmaja' first

**Pinaki Tewari**

She was walking very slow,
Timid were her footfalls,
Wrongly went to `Old Papa'
He was `SAA Social Worker'.

Nurses led Her to `MA'.
Mother saw her daughter first,
Lightning quick she lapped `Her Life'.
Very weak our `Atmaja' sobbed.

Her `Jemma' rushed literally,
`Jitun' and `Baba' followed them.
We gave babies many gifts,
And a special doll for Her.

Four days we played with her.
She was too weak to run.
And caught a very bad cold.
Soon we talked to a doctor.

The doctor angel checked her well
And said with tears in his eyes,
"Take your daughter, go home soon,
Give her all love that you have."

Soon we signed all the papers,
Then, on that good March day,
Sitting, sleeping on our laps
Our daughter reached her Home.

Mami, Mama, Dida, Dada,
Kakai, Kamma, Pisimoni,
Dadan, Masimoni and Toradi
Love her always very very much.

Four and half years go by.
`Prapti' cut her 7-year-cake
In the wink of an eye
She saw five more March.

Lil she cries, we begin to sob,
Lil she is ill, we begin to quake,
Now she goes to school in car,
Wave our hands we in great joy.

She got into our soul,
Sans her Our Home is lone,
We have sleepless nights many,
`Prapti' is out lifeline.



**"A ray of hope flitters in the sky**
**A tiny star lights up way up high**
**All across the land dawns a brand new morn**
**This comes to pass when a child is born" ( Boney M)**

# ATMAJA: A Family Beyond Blood

**Pooja Datta**

When I think about Atmaja, the very first feeling that comes to my mind is "**HOME**".

Since its beginning, Atmaja has stood for three things: **love, belonging, and awareness**.

Atmaja is not just an association or a group, it is truly a family that holds us together with love, care, and shared experiences. Growing up as a part of Atmaja, has been a blessing in my life and it has shaped me in many ways.

Adoption is sometimes seen as something unusual in our society, but Atmaja has taught me that adoption is not about being "different." It is about being *chosen*. It is about parents who open their hearts and homes, and about children who find love, security, and belonging. For me, adoption has never felt like a limitation; rather, it has been a doorway to a bigger family, one that goes beyond the walls of my own home.

I know many people might have a question about: ***What does Atmaja do?***

- ❖ **Creates a family-like community** for adoptive parents and adopted children to connect, share, and support one another.
- ❖ **Organizes picnics, cultural programs, and trips** so that children and parents can bond.
- ❖ **Encourages open conversations about adoption** so children grow up knowing their story with pride, without shame or secrecy.
- ❖ **Supports parents in the adoption journey**, especially during the pre-adoptive stage, through workshops, discussions, and sharing experiences.
- ❖ **Provides children with confidence and belonging**, ensuring they don't feel "different" but instead feel celebrated and accepted.
- ❖ **Raises social awareness** so that adoption is seen as normal and beautiful, helping society move beyond the idea of "own blood."
- ❖ **Offers emotional and moral support** to both children and parents, especially during challenges related to identity, questions, or social stigma.
- ❖ **Acts as an extended family**, where everyone feels they are not alone in their journey.
- ❖ **Promotes equality** by reminding everyone that adopted children have the same rights, opportunities, and love as biological children.

Mother Teresa once said: *"Not all of us can do great things. But we can do small things with great love."*

To me, adoption is exactly that—a simple act of love that may seem small in the eyes of the world, but it changes the entire life of a child. Her life's work with abandoned and orphaned children in Kolkata showed us that every child deserves to be wanted, loved, and given a home. That belief lives on in Atmaja.

I remember a moment from my childhood: During class 5 – a topic relating to Mother Teresa as being taught. I stood up and told everyone – "I know Mother Teresa, and I am her child". Everyone in the class laughed out loud. (A symbol for ignorance).

Atmaja has also played a very important role in how parents talk to their children about adoption. Parents are encouraged to be open, honest, and positive, so that children grow up knowing their story with pride. I still remember the moments when my parents would tell me how happy they were to have me in their lives. Those words gave me strength, and they still do. It made me realize that family is not about blood, but about love, choice, and Commitment.

Of course, there are challenges too. Society often holds on to the idea that only "own blood" is important. Sometimes people do not understand adoption and can make insensitive comments. As children, we may also have questions or confusions about our identity. But Atmaja gives us a safe space to talk, to ask, and to understand that these feelings are natural. The support from parents, other children, and members of Atmaja helps us overcome insecurities and grow with confidence.

One very important lesson I have learned through Atmaja is that every child is unique and talented in their own way. Adoption is not something to be hidden or whispered about—it is something to be celebrated. It means that we are loved, wanted, and cherished. This realization has helped me embrace who I am with pride.

Today, when I look back at my journey, I feel grateful. Grateful to my parents for choosing me, for standing by me, and for giving me a life filled with opportunities and happiness. Grateful to Atmaja for creating a bigger family where I found brothers, sisters, and friends who understand me deeply. And grateful for the lessons that Atmaja has taught me: that love is the strongest bond, that family is built with the heart, and that adoption is a gift that changes lives.

In Between Bedtime Story, out of Curiosity I would ask my Mother: "*How does a child come? How did I come?*". She used to tell me: "*A child is like a flower, they comes out of a baggage called Womb. So, you too come from there. You are a God's Gift*".

Later on, she told me: *"Always Remember, never Discriminate yourself as Adopted Child or Normal Child. Theres no such type. It's just how people or the society sees you. Always Remember the life of Lord Sree Krishna. He was born from womb of Mother Devaki – his biological mother. But later on, he was adopted by Mother Yashoda. When he grew up, he never disrespected his biological mother.*
*He proved that:* ***Adoption is just a word. Mother is someone who brings up her child with love, care and good upbringing. It does not matter whether biological or not. Motherhood is not about giving birth, but about giving love. Adoption gives children not only a home but also an identity, belonging, and security***

**To Conclude:**

Atmaja has given me a safe space to embrace this truth. It has shown me that adoption is not a limitation but a new beginning. It has surrounded me with people who understand my journey, who celebrate my identity, and who remind me that I am never alone.
Of course, the outside world does not always understand or make comments that sting. But Atmaja has taught me resilience. It has given me the courage to hold my head high and say proudly, "Yes, I am adopted—and I am deeply loved." That confidence has shaped who I am today.

As I grow older, I want more people to know what adoption really means. It is not charity. It is not a compromise. It is a decision made with love—a decision that gives a child a home and gives parents a child to cherish. Adoption creates families that are strong, diverse, and beautiful in their own way.

To me, Atmaja is more than an association. It is a circle of love, a second family, and a reminder that every child deserves to be wanted. Adoption may change the life of one child—but in truth, it transforms the lives of everyone involved.
I will always carry that lesson with me. For me, adoption is not just my past—it is my greatest source of strength, pride, and inspiration for the future.

***Adoption is when a child grows in the heart, not in the womb.***



[ I am Pooja Datta. MBA pass out. Currently, working as a Tax Associate at Expat US Tax Solutions. Have a passion of love for art. Other than that – love reading books, travelling, explore new things.]

# পরম্পরার উত্তরণ

ড. দীপঙ্কর পাত্র

প্রাচীন ভারতের ধর্মীয় অনুশাসনই ছিল সামাজিক নীতি ও আইন নির্ভর । ধর্মীয় অনুশাসনেই পরিচালিত হয়েছে সমাজ ও সংসার। তবে ধর্মীয় দর্শন ও ধর্মের সামাজিক অনুশাসনের প্রকৃতি আলাদা। প্রথমটি হল কল্পনা ও তত্ত্বপ্রধান আর দ্বিতীয়টি হল সামাজিক অনুশাসন প্রধান। ফলত: সামাজিক ও ব্যবহারিক জীবনে তারই প্রভাব প্রতিফলিত হয়ে থাকে। মানবকুলের পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে গড়ে ওঠা সমাজের অগ্রসরতার জীবনী শক্তি প্রদান করে থাকে সন্তান, তারাই ভবিষ্যতের সমাজ-সংস্কৃতি-সভ্যতার ধারক ও বাহক। তাদেরই সামাজিক প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে ক্রমে কালের মূলস্রোতে বাসযোগ্য সমাজের অগ্রসরতার মার্গের এক পথিকের ভূমিকায় আমরা আজ বৃহৎসমাজের দুয়ারে--

'সন্তান'শব্দটি সম্ -তন(করণ)+ঘঞ্ নিষ্পন্ন, যার অর্থ বংশ পুত্র কন্যা অপত্য প্রভৃতি। আর ভাববাচ্যে ঘঞ্ করলে অর্থ হয় বিচ্ছেদ বা অবিচ্ছেদ। আবার 'অপত্য' শব্দটি ন+পত-যত্= অপত্য (ক্লীব) নিষ্পন্ন, অর্থ হল যার দ্বারা বংশ লোভ হয় না, সন্তান, পুত্র-কন্যাকে বোঝায়। আবার 'পুত্র' শব্দটি পুত্+ত্রৈ+অ(ক)-ক হ্রস্ব নিষ্পন্ন। পুত্ নামক নরক থেকে পিতার ত্রাতা, স্ববংশ শুদ্ধিকারক, সুত, তনয় ইত্যাদি অর্থে প্রযুক্ত হয়ে থাকে। তাই বৃহদারণ্যকোপনিষদে দেখা যায়- 'স: (পিতা) যদ্যনেন কিঞ্চিদক্ষয়াঽকৃতং ভবতি তস্মাদেনং সর্বস্মাত্ পুত্রো মুঞ্চতি তস্মাত্ পুত্রো নাম।' আবার বিষ্ণুপুরাণে, মহাভারতে,মনুসংহিতায় উক্ত হয়েছে-

' পুন্নাম্নো নরকাদ্ যস্মাদ্ পিতরং ত্রায়তে মুত: ।
তস্মাত্ পুত্র ইতি প্রোক্ত: পিতৃন্ য: পাতি সর্বত: ।।'

আর 'কন্যা' শব্দটি কন্+যত্ স্বার্থে স্ত্রীয়াং টাপ্ প্রত্যয় নিষ্পন্ন। মহাভারতে কন্যা বিষয়ে বলা হয়েছে -'সর্বান্ কাময়তে যস্মাৎ(তস্মাৎ) কন্যা।' আবার পরাশর সংহিতায় উক্ত হয়েছে - 'দশবর্ষা ভবেৎ কন্যা'।

শাস্ত্রীয় পরম্পরা আমাদের পথ দেখিয়েছে - 'চরৈবেতি চরৈবেতি'। আর এই অগ্রগতির বাধক হলো সামাজিক অবসাদ। তবে অবসাদ মুক্ত জীবন বহন করে সাফল্য। পিতৃত্ব- মাতৃত্ব স্বাদে পূর্ণ জীবন লাভের জন্য আমরা আর অবসাদগ্রস্ত না হয়ে আমাদের জীবন ও সমাজের ভবিষ্যতের সন্ধানে অগ্রসর হওয়াই হল দত্তক সন্তানের বা অপত্যের সাথে যুক্ত হওয়া বা দত্তক পিতা-মাতা হয়ে ওঠা। তবে সুখীগৃহ বা সুস্থ সমাজ সম্পর্ক দিয়ে নির্মিত হয়ে থাকে, যেখানে অভিমান থাকবে, কোন অজুহাত থাকবে না; কলহ থাকবে, কিন্তু নৈকট্যও বজায় থাকবে অর্থাৎ দূরত্ব থাকবে না ।

'দত্তক' শব্দটি দা ধাতুর সঙ্গে ক্ত প্রত্যয় যুক্ত হয়ে স্বার্থে ক প্রয়োগে নিষ্পন্ন, যার অর্থ হল- ত্যক্ত, বিসৃষ্ট, সমর্পিত, রক্ষিত, প্রেরিত। তবে স্পষ্ট করে বললে বলা হয়- যে সমর্পিত, রক্ষিত বা প্রেরিত হয়েছে। তবে 'দত্তক' শব্দটির সঙ্গে পিতা-মাতা কর্তৃক প্রদত্ত হয়ে অন্যের দ্বারা গৃহীত, যিনি **Adopted son** বা **Daughter** অথবা **Adopted child** বর্তমান সমাজে অভিহিত হয়ে থাকে।

প্রাচীন সমাজের প্রেক্ষিতে লক্ষ্য করা যায় যে বৈদিক যুগে (আনুমানিক খ্রিস্টপূর্ব দ্বাদশ শতক থেকে খ্রিস্টপূর্ব পঞ্চম শতক) প্রথম 'দত্তকপুত্র' গ্রহণের প্রচলন ছিল। কিন্তু ঋষিগণের প্রার্থনা ছিল যে সন্তান যেন অন্য বর্ণের না হয়। আবার অধিকাংশ ক্ষেত্রে এই দত্তক পুত্রের বয়:বৃদ্ধির সাথে জন্মসূত্রের পিতামাতার আশ্রয় চলে যেত। ফলে এই প্রথা পালন-পোষণকারী পিতা-মাতার কাছে খুব একটা সুখকর ছিল না। এ বিষয়ে ঋগ্বেদে উক্ত হয়েছে-

'পরিষদ্যং হ্যরণস্য রেক্ণো নিত্যস্য রায়: পতয়: স্যাম।
ন শেষ: অগ্নে: অন্যজাতমস্ত্যচেতানস্য মাং পথো বি দু:খক্ষয়:।।'

অপর একটি মন্ত্রে বিষয়টি অন্যভাবে স্পষ্ট করে বলা হয়েছে-

' নহি গ্রভায়ারণ: সুশেবোঽন্যোদয়ো মনসা মন্তব্য: উত।
আধা চিদোক: পুনরিত্স ত্রত্যা নো বাজ্যভীষালেতু নব্য:।।'

অর্থাৎ অন্য জাতক পুত্র সুখকর হলেও তাকে পুত্র বলে গ্রহণ করতে অথবা মনে করতে পারা যায় না। আর সে পুনরায় চিরস্থানে আশ্রয় নেয়। সুতরাং তাদের আহ্বান অন্নবান, শত্রু নাশক, নবজাতক পুত্র তাদের কাছে আসুক।

কিন্তু বেদের পরবর্তী সময়ে অর্থাৎ মনু (২০০ খ্রিস্টপূর্বাব্দ - ১০০ খ্রিস্টাব্দের) সামাজিক প্রেক্ষাপটে তার চিত্র পরিস্ফুট করে মনুসংহিতায় যে দ্বাদশ প্রকার পুত্রের নাম উল্লেখ রয়েছে, সেই নাম গুলি হল- ঔরস, ক্ষেত্রজ, দত্তক, কৃত্রিম, গূঢ়োৎপন্ন, অপবিদ্ধ, কানীন, সহোঢ়, ক্রীত, পৌনর্ভব, শৌদ্র,। উপরে লিখিত 'দত্তক' বলতে পিতা-মাতা কর্তৃক প্রদত্ত হয়ে অন্যের দ্বারা গৃহীত পুত্রকেই বোঝায়। আবার যাজ্ঞবল্ক্যসংহিতার (১০০ খ্রিস্টাব্দ - ৩০০ খ্রিস্টাব্দের মধ্যে রচিত) ব্যবহার অধ্যায়ে দায়ভাগ প্রকরণে দ্বাদশ প্রকার পুত্রের উল্লেখ উল্লেখ রয়েছে, তারা হলেন- ঔরস, ক্ষেত্রজ, পুত্রিকাপুত্র, কানীন, সহোঢ় বা সহোঢ়জ, গূঢ়োৎপন্ন, পৌনর্ভব, অপবিদ্ধ, দত্তক (দত্রিম),ক্রীত, স্বয়ংকৃত বা কৃত বা স্বয়ংদত্ত। তবে মনুসংহিতার 'দত্তক', তা যাজ্ঞবল্ক্যসংহিতায় 'দত্রিম' হিসাবে উল্লেখিত, যার অর্থ দান নিমিত্ত, দান জনিত অর্থাৎ প্রতি গ্রহীতার পুত্রাভাব নিমিত্ত আপদকালে পিতা-মাতা কর্তৃক প্রীতি পূর্বক যথাবিধি দত্তপুত্র। আবার এ বিষয়ে মনু অপর একটি শ্লোকে স্পষ্ট করে বলেন-

' মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভি: পুত্রমাপদি।
সদৃশং প্রীতিসংযুক্তং স জ্ঞেয়: দত্রিম: সুত:।।'

এখানে 'সদৃশ' শব্দটির গুরুত্ব রয়েছে- তাদের মতে 'জাতিতে সদৃশ' নয়, তবে স্বীয় বংশের অনুরূপ গুণযুক্ত বা গুণসদৃশ হতে হবে। ক্ষত্রিয়াজাত পুত্ররাও ব্রাহ্মণের দত্তক হতে পারেন। দত্তকের ক্ষেত্রে দাতা প্রীতি পূর্বক দান এবং গ্রহীতাকেও প্রীতি যুক্ত ভাবে গ্রহণ করতে হবে। তবে কোন প্রকার লোভা দিবশত দান বা গ্রহণ স্বীকৃত হবে না। এই বিষয়ে তৎকালীন সমাজে দত্তকের বয়সের ধারণা সুনির্দিষ্ট করে উপলব্ধ নয়।

আবার এ বিষয়ে যাজ্ঞবল্ক্য কষ্ট করে বলেন যে দুর্ভিক্ষাদি আপৎকালে অথবা গ্রহীতার পুত্র ভাবত্বরূপ আপদে পিতা- মাতা জ্যেষ্ঠ পুত্র ভিন্ন অন্য যেকোনো পুত্রকে প্রীতি পূর্বক জলহস্তে দানবিধি অনুসারে সবর্ণপুত্রকে দান করলে সেই পুত্রকে দত্তক বা দত্রিম পুত্র বলা হয়ে থাকে। তবে জ্যেষ্ঠ পুত্রের ন্যায় একমাত্র পুত্রকেও দান করা যাবে না বা দত্তক গ্রহণ করা যাবে না। কিন্তু দত্তক গ্রহণের পর যদি ঔরস পুত্র জাত হয় এবং সেই দত্তকপুত্র যদি অধিক গুণবান হয় তবে সে ঔরস পুত্রের ষষ্টাংশ পাবে।

সমাজের প্রতিষ্ঠা পিতৃতন্ত্রের ধনসম্পত্তির উত্তরাধিকারী ও রক্ষাকর্তা হিসাবে পুত্রের প্রয়োজনীয়তা অধিক লক্ষণীয়। পুত্র কামনা মানুষের চিত্তে গভীরভাবে প্রোথিত করার অভিলাষে কল্পনার স্বর্গ নরক নির্মাণ করে পুত্রের পিতাই স্বর্গে স্থান লাভ করেন আর পুত্রহীন এর স্থান নরক বলে অভিহিত করা হয়েছে এবং যিনি ধরিত্রীতে পুত্রের জন্ম দিলেন তার স্বর্গের অধিকার নেই, এ কেমন বিচার। তবে সুপুরুষের বংশ পরম্পরা রক্ষার জন্য শুধু পুত্র হলেই চলে না, অন্তত প্রপৌত্র পর্যন্ত নিম্নতর তিন পুরুষের পাকা বন্দোবস্ত থাকা চাই। তবে সর্বত্র পুত্রের জন্য প্রার্থনা করা হলেও কেবলমাত্র বৃহদারণ্যকোপনিষদে উল্লিখিত রয়েছে যে পিতা-মাতা যদি বিদুষী কন্যা পেতে চান তাদের করণীয় বিধি। ধর্মীয় বিধানে প্রাচীনকাল থেকেই অনাকাঙ্ক্ষিতা কন্যা একবার জন্মগ্রহণ করলেও তাকে পালন করা হতো প্রধানত পুত্র উৎপাদন করার স্বার্থে। কিন্তু কোন প্রজাতিকে রক্ষা পুরুষের অপেক্ষা নারীর প্রয়োজন বেশি। কোন প্রাকৃতিক দুর্যোগ বা যুদ্ধ বিগ্রহাদিতে বা মহামারীতে লোকক্ষয় দেখা দিলে পুরুষের অপেক্ষা নারীর সংখ্যার আধিক্যেই মনুষ্য জাতির অস্তিত্ব রক্ষা ও দ্রুত বিস্তার সম্ভব । এই সত্যের সম্মুখীন হয়ে বর্তমান সমাজ 'দত্তকপুত্র'-র স্থলে 'দত্তক সন্তান'-র মানসিকতা পোষণ করতে পারছে। এ বিষয়ে স্মরণ করি মনুর মাতৃ গৌরবের কথা-

' উপাধ্যায়াং দশাচার্য্য আচার্য্যাণাং শতং পিতা।<br>
সহস্রন্তু পিতৃন্মাতা গৌরবেণাতিবিচ্যতে।।'

অর্থাৎ দশ জন উপাধ্যায় অপেক্ষা একজন আচার্যের গৌরব অধিক, একশত আচার্যের গৌরব অপেক্ষা পিতার গৌরব অধিকতর, সর্বোপরি সহস্র পিতা অপেক্ষা মাতার গৌরব অধিকতর।

পুত্র সন্তানের জন্ম না দিতে পেরে যেমন নারীকুল সমাজে অবহেলিত হচ্ছে, তেমনি নিঃসন্তান নারী-পুরুষ এখনো হীনমন্যতায়, নিঃসঙ্গতায়, একাকিত্বে, গুরুত্বহীনতায় প্রিয় স্বীয় জীবনকে ব্যর্থ মনে করে চলেছেন, তাদের অনুরোধ জীবন আপনার। আর 'জীবন' হল বাঁচার জন্য, 'চিত্ত' হল দেওয়ার জন্য, 'ভালোবাসা' হল সারা জীবন পাশে থাকার জন্য। তবে সেই ভালোবাসার মধ্যে 'আরও ভালো'-র খোঁজে 'ভালো'-কেই হারিয়ে না ফেলে গৃহীত, প্রাপ্ত, লব্ধ 'সন্তান'কে শুদ্ধ জ্ঞান ও শুদ্ধ ভালোবাসায়, বাৎসল্য প্রেমে, জীবনকে সুন্দর করে তুলতে চাণক্য নীতি স্মরণীয়-

' লালয়েৎ পঞ্চবর্ষাণি দশবর্ষাণি তাড়িয়েৎ।<br>
প্রাপ্তেষু ষোড়শবর্ষে পাত্রমিত্রবৎ আচরেৎ।

"আর যারা পিরামিড সৃষ্টি করেছিল -<br>
দিকে দিকে যারা মরুভূর বাদামি বালির পরে খরশান<br>
কৃষ্ণ যজুর্বেদ যারা রচেছিলো একদিন<br>
ক্যাম্প গড়ে -<br>
অবশেষে জন্ম, মৃত্যু, মৈথুনের খতিয়ানে তৃপ্ত হয়েছিল<br>
আর যারা নব নব জাতকের নক্ষত্রের তরে<br>
যাত্রা করেছিল সব একদিন ম্যাজিদের মতো<br>
বিষুবের অগ্নি থেকে জ্যোৎস্নাবিখন্ডিত বরফের আভার উদ্দেশে<br>
আজ তারা সব ঢের দূরে।"<br>
জীবনানন্দ দাশ

# महोत्सव

प्रेमलता पाण्डेय

मेरी बेटी प्रियंका पाण्डेय तिवारी और जमाई पिनाकी तिवारी की सुपुत्री एवं मेरी प्यारी नातिनी प्राप्ति तिवारी के माध्यम से मुझे आत्मजा संस्था में शामिल होने का सौभाग्य प्राप्त हुआ। इस संस्था के संस्थापक महान विभूतियों ने बच्ची प्राप्ति के छोटे परिवार जैसा बहुत सारे परिवार को एक साथ सम्मिलित करके एक बहुत बड़ा परिवार बनाया है जहां आकर लगता है कि हम एक ऐसे स्वर्ग में आ गए हैं जहां का हर व्यक्ति अपनों से भी अपना है और आगे भी इस संस्था से अनुप्राणित होकर बहुत परिवार यहां सम्मिलित हो रहे हैं।

मैं पहली बार कल्याणी के एक खूबसूरत पार्क में पिकनिक हुआ वहां मैं शामिल हुई , दूसरी बार बोलपुर मूलूक शांति निकेतन भ्रमण में तथा तीसरी बार सुभाष नगर के पिकनिक में। हर बार मुझे एक नई अनुभूति हुई। वहां का आनन्दायक आयोजन,आनन्दायक व्यवहार दिल को गहराई से छू गया.. मै सभी से मिलकर अभिभूत हुई।

सबसे अच्छा लगा था मुझे आत्मजा संस्था के साथ बोलपुर मूलूक शांतिनिकेतन भ्रमण। बहुत दिनों से इच्छा थी मेरी वहां घूमने जाने की.. 2024 के नवंबर में मेरी बेटी का फोन आया की संस्था के साथ वे लोग 8 दिसंबर को घूमने जा रहे हैं , मुझे भी जाना है.. मुझे बहुत खुशी हुई और ठीक समय पर वहां पहुंच गई। आठ दिसंबर को हमलोग ग्यारह बजे बोलपुर शांति निकेतन स्टेशन पहुंच गए। वहां से भारत सेवाश्रम संघ ऑटो रिक्शा से बारह मिनट में पहुंच गए। वहां जाकर रहने का तथा खाने पीने का व्यवस्था पहले से ही हो गया था। सभी लोग अपने अपने कमरे की चाभी लेकर अपने अपने कमरे में आ गए। इतना सुंदर साफ सुथरा एवं बड़े बड़े कमरे तथा पास ही खाने पीने का अति उत्तम घर जैसा खाना पाकर मन प्रसन्न हो गया। भारत सेवाश्रम संघ जहां है उस जगह का नाम मूलूक है। रेस्ट हाउस के चारो तरफ करीब पांच सौ बीघा जमीन है जहां से खाने पीने की व्यवस्था होती ।। वहां गोशाला है जहां दो सौ के करीब गाएं हैं। खाने के अंत में सभी को एक एक कप दूध मिलता है।

प्रथम दिन हमलोगों ने मूलूक और सोनझुरी का भ्रमण किया, दूसरे दिन बोलपुर ग्राम का तथा वहां के मेला का दर्शन किया , तीसरे दिन हम सभी पहुंच गए रविन्द्र सदन शांति निकेतन। वहां सबसे पहले विश्व कवि गुरु रवींद्रनाथ का निवास स्थान देखा, उनके द्वारा व्यवहारित सब कुछ देखा। अंत में उनका म्यूजियम देखा हमलोगों ने जिसमे उनका हर सामान बहुत ही जतन से सुशोभित है। उनके कलम पर मेरी नजर बहुत देर तक टिकी रह गई.. सोच रही थी कि इसी कलम से उन्होंने पूरे विश्व को सम्मोहित किया था। सब कुछ देख सुनकर हमलोग वापस आ गए थे।

तीन दिन दो रात हमलोगों ने एक साथ गुजरा जो हमारा स्वर्णिम पल बन गया, उस समय को, उस पल को मैं कभी नहीं भूल सकती। विमुग्ध थी मैं आत्मजा संस्था के प्रांगण में.. वहां सबके साथ बिताए आनन्द का समय मेरा महोत्सव बन गया। इस संस्था के बनाने वाले महान विभूतियों को मेरा कोटि कोटि नमन !!

**With best compliment from ...**

# Biplab Nag

# পুজোর গন্ধ

মৌসুমী বাসু

দুর্গাপূজা মহাপূজা ,কত যে রমরমা,
বাঁধ ভাঙা আনন্দের নেই কোন সীমা৷

শরত আকাশে খুশির ছোঁয়া ,
কাশের বনে পূজোর হাওয়া।

শিশিরের নিঃশব্দে কত আনাগোনা ,
ভোরের শিউলির সাথে হয় দেখাশোনা।

ঢাকের শব্দে, পূজোর গন্ধে ,
শাড়ির দোলায় , মনের আনন্দে।

আসছে আবার , বছর পরে ,
মন যে কত খুশিতে ভরে।

মায়ের সাথে সাথেই আসে, তার সন্তান ,
সেই আনন্দেই হোক আগমনী গান।

ষষ্ঠীতে হয় মায়ের বোধন , আর আবাহন ,
সপ্তমীতে কলা ব উ স্নান , নবপত্রিকা স্থাপন।

অষ্টমীতে সবাই যখন দেয় অঞ্জলী ,
মায়ের পায়ে দিলাম যত বাসনার ডালি।

নবমীর পরে দশমী, পূজোর অবসান ,
কয়টি দিনের আনন্দে , ভরেনা যে প্রান।

দশমীতে সিঁদুর খেলা, আর কোলাকুলি ,
বছরের জন্য ভরা থাক , আশীর্বাদের ডালি।

বিসর্জনের বাজনা বাজে , মন যে দুঃখে ভরে ,
আবার তুমি এসো গো মা , একটি বছর পরে ।।

# চিঠি

সেবিকা সাহা বিশ্বাস ও সঞ্জয় সাহা

পেয়েছি যে তব চিঠি
ঘরে এল শনিবার
সময় তো হাতে নেই
ছিলো বহু লিখিবার
তাড়াতাড়ি করে তাই
টেনে নিয়ে খাতাটি
হিজিবিজি লিখে দিনু
ভরে গেলো পাতাটি
চিঠিতে যে লেখা আছে
চিঠি দিতে ভুলেছি
কখনো কি কাহাকেও
আমি চিঠি লিখেছি
তাই নিয়ে রাগ করে
মনটাকে ভরছো ?
কখনো কি শিশু মন
তোলপাড় করেছো
আমি শিশু বলে কিছু
লেখাপড়া জানি না
অপটু হাতে তো তাই
কিছু লেখা আসে না
জানতে চেয়েছো তুমি
কেমন আছে সকলে
মনটা যেমন থাকে
শরতের সকালে
পড়াশোনা শেষ করে
স্কুলে চলিলাম
তোমায় ও সকলেরে
ভালোবাসা পাঠালাম৷

# বিষন্নতার বাংলা কি 'মনখারাপ'

## অনিন্দিতা দাস

বিষন্নতা বা ডিপ্রেশন বর্তমানে বহুল প্রচলিত একটি নাম, তবে অতি ব্যবহারের কারণে ডিপ্রেশন শব্দটির সঙ্গে আমাদের পরিচিতি আগের তুলনায় বাড়লেও এ সম্পর্কে সচেতনতা তেমন বেড়েছে বলে মনে হয়না। কখনো মনে হয় এই ডিপ্রেশনকথাটি যেন 'দুঃখবিলাস' রূপে ব্যবহার করা হয়।কারো কোন সাধারণ মন খারাপের ঘটনা বা ক্ষনিক বিষন্ন মেজাজের ঘটনাকেও ডিপ্রেশন তকমা দিয়ে দেওয়া হয়।তুলনায় যে সকল মানুষ জন দীর্ঘদিন ধরে বিষন্নতায় ভুগছেন, খারাপ অবস্থায় রয়েছেন, তাদের কজনকে আমরা যথাযথ চিকিৎসা-পরিষেবা দিয়ে থাকি তা হাতে গুনে বলা যায়।আসলে দেখা যায় যারা ডিপ্রেশনে ভুগছেন তারা উদ্যম হীন হয়ে জীবন যাপন থেকে নিজেকে ধীরে ধীরে গুটিয়ে নিতে থাকেন। তাই সঠিক সময় গুরুত্ব সহকারে সঠিক পরিচর্যার অভাবে বহু মানুষএই ডিপ্রেশনের অতলে তলিয়ে যান। কারণ এই ডিপ্রেশন কোন সাধারণ পরিচিত মনখারাপ নয়, এর দায় ও ভার অনেক গুণ বেশি।

বিষন্নতায় ভোগা মানুষ জন নানা ধরনের শারীরিক ও মানসিক সমস্যার সম্মুখীন হয়ে থাকে।এছাড়া দেখা যায় প্রচন্ড পরিমাণে হতাশা, আশাহত হওয়া, নির্লিপ্ততায় ভোগা, বিরক্তি প্রকাশ ও সিদ্ধান্ত হীনতায় ভোগা, খাদ্যাভ্যাসের পরিবর্তন হওয়া, নিদ্রাহীনতা ইত্যাদি। এমনকি আত্মবিশ্বাস কমে যাওয়া, নিজের ভবিষ্যৎ সম্পর্কে কোন সুনির্দিষ্ট লক্ষ্য না থাকা বিষন্নতার অন্যতম প্রধান লক্ষণ। এর সঙ্গে দেখা যায় ক্লান্তি, অবসাদ, নানা ধরনের চিন্তার ভারসাম্যহীনতা ইত্যাদি। তবে আত্মহত্যার প্রবণতা বা আত্মহত্যার কথা মনে হওয়া বিষন্নতা রোগীদের ক্ষেত্রে হামেশাই দেখা যায়। আমরা বিষন্নতার রোগীকে খুব সাধারণ ভাবে ব্যবহার করলেও চিকিৎসা পরিষেবায় একে অনেকগুলি ভাগে বিভক্ত করা হয় যেমন 1)ক্লিনিক্যাল ডিপ্রেশন 2) পারসিস্টেন্স ডিপ্রেসিভ ডিসঅর্ডার 3) বাইপোলার ডিসঅর্ডার 4) পোস্টপারটাম ডিপ্রেশন ইত্যাদি। তবে এই প্রত্যেকটি ধরনের প্রেক্ষাপট, গভীরতা, গুরুত্ব একেবারেই পৃথক।

ডিপ্রেশন যে কারণেই হোক না কেন ডিপ্রেশনে থাকা একজন মানুষ আসলে মন খারাপের এমন কালো অন্ধকারে ডুবে যান যে সেখান থেকে অনেক ক্ষেত্রেই মনকে আর নিয়ন্ত্রণ রাখতে সক্ষম হন না। আবেগ, অনুভূতি, উদ্যম ইত্যাদি মানবীয় গুণ গুলিকে মন যেন অবশ হয়ে যায়। প্রায় সর্বক্ষণ একটা মনমরা ভাব, আত্মবিশ্বাসে ঘাটতি, হঠাৎ রেগে যাওয়া, স্বাভাবিকের তুলনায় কম খাওয়া বা বেশি খাওয়া, ঘুম একেবারে কমে যাওয়া বা অতিরিক্ত ঘুমের ভাব ইত্যাদি প্রথম দিকের লক্ষণ হিসেবে থাকে।

অবাক করার কথা হলো বিশ্ব জুড়ে এই ডিপ্রেশন নামক রোগটি বিভিন্ন বয়সী মানুষের মধ্যে এমন ভাবে জাঁকিয়ে বসেছে যে, এখন শিশুরাও এর করাল গ্রাস থেকে মুক্তি পাচ্ছেনা। বর্তমানে দ্রুতগতির জীবন প্রবাহে যে পীড়ন তৈরি হচ্ছে তা দুর্বল মস্তিষ্কের মানুষজন দের পক্ষে সহনশীল না হওয়ার কারণে এমন সমস্যা বেশি বেশি আকারে দেখা দিচ্ছে বলেই আমাদের মনে হয়। তবুও এই সমস্যার প্রকৃত কারণ এখনো আমরা খুব ভালো ভাবে বুঝে উঠতে পেরেছি বলে আমাদের মনে হয়না। এর উপর রয়েছে মানসিক স্বাস্থ্য পরিসেবার বিষয়ে সাধারণ মানুষের সচেতনতার যথেষ্ট অভাব এই রোগকে প্রতিরোধ করার বিষয়ে আমাদের যথেষ্ট অসুবিধার মধ্যে ফেলেছে।তবে আমরা প্রতিরোধ করতে চাইলে এই কাজ মোটেই অসাধ্য সাধন নয়। যদিও এখন বিশ্ব স্বাস্থ্যসংস্থা বলছে ক্যান্সার, হার্টঅ্যাটাকের পরেই বেশি ঘটছে বিষন্নতার ঘটনা তাই আমাদের ভাবতেই হবে কেমন করে আমরা এই রোগকে প্রতিরোধ করতে পারি।

আর এই বিষয়ে সচেতনতা শুরু হবে আমাদের পরিবার থেকেও শিশু কাল থেকে, যে দায়িত্ব বাবা মাকেই নিতে হবে শিশুর মনে আত্মবিশ্বাস, আত্মনির্ভরশীলতা গড়ে তোলা, অন্য কারো সঙ্গে তুলনা না করে শিশু, কিশোরদের হীনমান্যতা না বাড়িয়ে তোলা হল প্রাথমিক কাজ শিশু যেমন পরনির্ভরশীল হবে না তেমনি সে আত্মনির্ভরশীলও হবে, নিজের প্রতি শ্রদ্ধাশীল মনোভাব গড়ে তুলবে। এসবের ফলে শিশু শৈশব থেকে শুরু করে সমগ্র জীবনটাই খুব সুখকর ও আনন্দময় হয়ে উঠবে। গান, গল্প, বন্ধুত্ব ইত্যাদির মাধ্যমে নিজের ঘনিষ্ঠ মানুষজনের সঙ্গে সময় কাটানো এবং সর্বোপরি নিজের মনকে ইতিবাচক ও সৃষ্টিশীল রাখার অভ্যাস গড়ে তুলতে হবে। অবশ্যই এটি পরিবারের একপ্রকার কালচার গড়ে তোলার বিষয়।

জীবনে চলার পথে ওঠা-পড়া থাকবেই কিন্তু ব্যক্তি জীবনে এই সমস্যা যেন আমাদের সমস্যা সংকুল না করে তোলে। একটি বড় গাছ প্রচণ্ড ঝড়ে ভেঙে পড়ার আগের মুহূর্তে সব ক্ষমতা দিয়ে মাটি কামড়ে ঋজু হয়ে দাঁড়িয়ে থাকার চেষ্টা করে। এই উদাহরণ থেকে বলা যায়, আমাদের আপ্রাণ চেষ্টা করতে হবে জীবনের সমস্ত সংকটপূর্ণ মুহূর্তে যেন আমরা সকল বিষন্নতা কে দূরে ঠেলে ফেলে সোজা হয়ে দাঁড়িয়ে থাকতে পারি অবশ্যই এমন অবস্থায় আমাদের নানা স্তরের মানসিক স্বাস্থ্যকর্মীর সাহায্য সহায়তার প্রয়োজন হয় এবং তা পেলে আমরা সমস্ত কাটিয়ে আবার সুস্থ জীবনে ফিরে যেতে পারি।

বিষন্নতা একটি দীর্ঘমেয়াদী জটিল সমস্যা এবং এই রোগে শুধু মনের সমস্যা নয়, দেহেরও নানা সমস্যা হয় যেমন আমরা কখনোই যেন এই রোগের সঙ্গে থাইরয়েড অন্তক্ষরাগ্রন্থির ঘনিষ্ঠ যোগের কথা ভুলে না যাই। তাই যে কোন ডিপ্রেশনের রোগী রক্তাল্পতা বা থাইরয়েডের সমস্যায় ভুগছে কিনা তা অনুসন্ধান করা উচিত। করোনা মহামারীর পর নানা কারণে ডিপ্রেশন রোগের প্রকোপ বেড়েছে এই কথাটা ও যেন আমরা ভুলে না যাই। আরো মনে রাখতে হবে ডিপ্রেশন যে পরিমাণ জৈবিক ও মানসিক ব্যাধি ঠিক সেই পরিমাণ সামাজিক ব্যাধি সুতরাং সামাজিক দিক থেকে এই রোগের সহায়তার ব্যবস্থা না করে এই রোগ সম্পূর্ণ নির্মূল করা প্রায় অসম্ভব।

## আপন করার খেলা

**ডাঃশর্মিষ্ঠা রায় , বাউলমন**

যখন বিবাহের পরবর্তী অনেক বছর কেটে গেল কিন্তু কোন নতুন প্রাণ আমাদের সংসারে এলনা – তখন এইসব চিন্তা মাথায় ঘুরত, কে আপন কে পর- মানুষ কি করে মানুষের আপন হয়, জন্মই কী নির্দিষ্ট করে দেয় আপনাকে – পৈতৃক জন্ম ছাড়া আর কোনও পথ আছে, কী করে অন্য কারো জৈবিক শিশু সন্তান কে আপন করা যায়- পাতা যায় একটা জীবন্ত সংসার ? ভাবতে ভাবতে নানা মানুষের সঙ্গে আলোচনা করতে করতে দত্তক নেওয়ার উপায়টা কে পরকে আপন করার সবচেয়ে কাছাকাছি পথ বলে মনে হল। মাদার টেরেসার 'শিশুভবন' ও 'নির্মলহৃদয়' গিয়ে খোজ খবর করলাম। এখানেও শিশুকে পাওয়ার পথ অনেক দীর্ঘ এবং সমস্যা সংকুল ছিল, এই নাম জমা দাও, সেই প্রমান পত্র জমা দাও – তারপর মনোবিদের কাছে কথা বল- তোমাদের সংসার এবং বাড়ির পরিবেশ একটি শিশু পরিপালনের জন্য উপযুক্ত কিন। তাতে পাশ হলে বাড়িতে সমস্ত আত্মীয় স্বজনকে ডাক, তাঁদের সঙ্গে সংস্থার মনোবিদরা কথা বলবেন – এত সব পরীক্ষায় উত্তীর্ণ হলে তোমাকে একটি শিশু দেখানো হবে। এই সুযোগ মোট তিনবার পাবে তুমি। তবে বিশেষজ্ঞদের অভিমত হল প্রথন দেখা শিশুটিকেই নির্বাচিত করে নেওয়া সব দিক থেকে ভালো। এইভাবে তোমার এবং সংস্থার যৌথ মতামতে নির্বাচিত হবে একটি শিশু। এবার তাকে ডাক্তার দেখাও, রক্তপরীক্ষা করাও – এ সবের পর তাকে বাড়ি নিয়ে আসার অনুমতি পাওয়া গেল।

এরপর শুরু হল আপন করার পাঠ । নিজের মনের সঙ্গে, অসুস্থ শিশুর সঙ্গে সমাদর বিষন্নতার সঙ্গে হয়ত নিজের মনেরও কিছু বিরুপতাকে অতিক্রম করার চেষ্টা করতে হয়েছে । প্রথম তিনমাস নিরন্তর শিশুর সঙ্গে দিন যাপন করতে হয়েছিল। আর শিশুটির মনের মধ্যে কি হচ্ছিল তা আমার জানা নেই- কিন্তু এটুকু মনে হয়েছে বেশ ভাল লড়াই-ই চলছিল- কখনও খুশি, কখনও দ্বিধা, কখনও ভয় – নিজের সাথেই সব – নিজেও বেড়ে ওঠা, চারিদিক কে নতুন করে চেনা – এক পথের পথিক নতুন বন্ধু পাওয়া। আজ থেকে পঁচিশ বছর আরো একই অভিজ্ঞতার নতুন বন্ধুদের সঙ্গে পরিচয় ও নিবিড় সম্পর্ক হল – সবাই মিলে তৈরি হল একটি সংস্থা "আত্মজা" । আজ 'আত্মজা'-র ২৫ বছর পূর্তিতে আমাদের একটাই অঙ্গীকার – সবাই মিলে হাত ধরাধরি করে, সুখ দুঃখে হাসি মুখে বেঁচে থাকা।

## মাসাইদের দেশে ক'দিন ......

মৌসুমী দাস চৌধুরী

আমার লেখার অভিজ্ঞতা একেবারেই নেই, এটি একটি চেষ্টা মাত্র। আপনারা নিজ গুণে ভুল-ক্রুটি ক্ষমা করে নেবেন।যেহেতু বেড়াতে অত্যন্ত ভালবাসি,তাই সময় সুযোগ পেলেই পছন্দের জায়গা বাছাই করে লোটা-কম্বল গুছিয়ে বেরিয়ে পড়ি।দেশ-বিদেশ, যখন যেমন সুবিধা হয় আর কি।আমাদের এবারের গন্তব্য ছিল ইস্ট আফ্রিকার,কেনিয়া।গত দোসরা অক্টোবর 2023, ভোর 'ছ' টা নাগাদ দমদম এয়ারপোর্ট থেকে আমাদের দিল্লীগামী ফ্লাইট ছিল। তারপর দিল্লী থেকে সোজা নাইরোবির 'জোমো কেনিয়াট্টা ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট'।প্রায় সাত ঘন্টা পনের মিনিট উড়ে যখন এয়ারপোর্টে নামলাম তখন রাত প্রায় সাড়ে আটটা।আমাদের আফ্রিকার ট্যুর ম্যানেজার(টোনি),আমাদের তিনটি গাড়ি করে নাইরোবি শহরের একটি হোটেলে (Kenya comfort suites) রাত্রিবাসের জন্য নিয়ে গেলেন। রাতের খাওয়া সেরে একেবারে ঘুমের দেশে চলে গেলাম।পরদিন সকালে প্রাতঃরাশ সেরে বেরিয়ে পড়লাম, শুরু হল আমাদের আফ্রিকান সাফারী পর্ব। আমরা আঠারো জনের একটা দল ছিলাম। সবাই অত্যন্ত পরিচিত এবং পরস্পর বন্ধু স্থানীয়,তাই নিজেদের মধ্যে হাসি-গল্পে মেতেই যাত্রা শুরু হল।তিনটে ল্যান্ডক্রুজারে ছয় জন করে বসেছিলাম, জীপগুলোর হুড খুলে কিছুটা ওপরে তোলা যায়,দেখার সুবিধার জন্য। এগুলো পুরো টুর সনেগ ছিল। শহরটিকে, গাড়ির জানালা দিয়ে যতটা সম্ভব দেখতে-দেখতে আর আমাদের ট্যুর ম্যানেজার,টোনির কাছ থেকে কেনিয়া সম্পর্কে নানা তথ্য শুনতে শুনতে চললাম। প্রায় পাঁচ -সাড়ে পাঁচ ঘন্টা লাগল 'সাবো( Tsavo) ইস্ট নেশনাল পার্ক' পৌঁছতে। গেটে টিকিট কাউন্টারে আমাদের ম্যানেজার তখন টিকিট কাটতে ব্যাস্ত, ইতিমধ্যে ওখানকার একজন কর্মী আমাদের ডেকে নিয়ে গেলেন পাশের খোলা জায়গায়,যেখানে কিছু বিশালকায় লালছে রংয়ের হাতি জল খাচ্ছিল।আমরা সবাই আনন্দে লাফিয়ে উঠলাম, যে যার ক্যামেরা,মোবাইল বার করে ঝপা-ঝপ ছবি তুলতে শুরু করলাম। ততক্ষণে টিকিট কাটা হয়ে গেছে,আমরা আবার গাড়িতে উঠলাম। এবারে প্রবেশ করলাম সাবো ইস্ট নেশনাল পার্কের ভিতরে। যত দূর দৃষ্টি যায়, লালছে রংয়ের ধু-ধু মরুভূমির মতন বিস্তৃত যায়গা,মঝে-সাঝে কিছু কাঁটা গাছ আর ক্যাকটাস ছড়িয়ে ছিটিয়ে আছে।আমাদের গাড়ি চলল এরই বুক চিরে। হঠাৎই এক পাল হাতি,চলল গাড়ি থামিয়ে ছবি তোলার পালা,একটু যেতে না যেতেই বুনো মোষের (Cape Buffalo) দল। আরে ! ঐ যে কত জিরাফ আর জেব্রা এক সাথে দেখে আমাদের তো চক্ষু চড়ক গাছ !এগিয়ে চলল গাড়ি,কিছু দুরে কটা উটপাখি আর এন্টিলোপ গুলো মনের আনন্দে বিচরণ করছে।আমাদের ড্রাইভার হঠাৎই গাড়ির গতি বাড়িয়ে ছুটল,কিছুটা গিয়ে সিংহের দেখা পেলাম। এত সামনে থেকে সিংহ দেখে শরীরে অদ্ভুত এক শিহরণ খেলে গেল। এক অসম্ভব রোমাঞ্চকর অভিজ্ঞতা হল।এখানকার সিংহের অদ্ভুত চরিত্র, এরা কেশর বিহিন। কাঁটা-ঝোপে কেশর আটকে যায় তাই কালে কালে সেটি বিলুপ্ত। ফেরার পথে দেখলাম একটা লেপার্ড গাছের ডালে পা ঝুলিয়ে ঘুমচ্ছে, আর গাছের আর একটি ডালে রয়েছে আধ খাওয়া মাংস।

কি অসাধারণ দৃশ্য চারিদিকে,একদিকে পাহাড় (প্ল্যাটু),গালানা আর ত্সাবো নদী বয়ে গেছে পার্কের ভিতর দিয়ে।আফ্রিকার জঙ্গলের বিখ্যাত বিগ ফাইব জন্তুদের(সিংহ,লেপার্ড,হাতি,বুনোমোষ,গন্ডার) বাস এখানে। প্রথম দিনেই বিগ ফাইবের চারটে দেখে ফেললাম। ইতিমধ্যে সন্ধে নামায় আমরা ফিরলাম আমাদের রাত্রিবাসের ডেরায়(সেন্টরিম সাবো লজ)।লজের ঘর গুলো প্রকৃত অর্থে টেন্ট। ওদের মশারী টাঙ্গানোর কায়দা বেশ অন্যরকম। একদম মাটি পর্যন্ত ঝুলিয়ে দেওয়া হয়। বোধ হয় জঙ্গলের মধ্যে নানাবিধ পোকা-মাকড় থেকে সুরক্ষিত রাখার জন্যই এই ব্যাবস্থা। সন্ধেটা নিজেদের মধ্যে গানের আসর আর গল্প-গুজবে বেশ কাটল। এই লজটির অবস্থান এমন জায়গায় যে আমাদের চোখের সামনেই একটি

ইলেকট্রিক তারের ফেন্স এর ব্যবধানে সব রকম জন্তুরা ঘুরে বেড়াচ্ছে। সন্ধ্যার পর গার্ড সার্চলাইট দিয়ে দেখালো একটু দূরেই পাঁচ-ছ টা সিংহ-সিংহী বসে আছে। আলোয় চোখ জ্বলজ্বল করছে। ভয়ঙ্কর সুন্দর দৃশ্য! পরের দিন ভোর বেলায় হাতির ডাকে ঘুম ভাঙল।অবাক হয়ে দেখলাম প্রায় আমাদের ঘরের আট ফুট দুরত্ব দিয়ে কটা হাতি হেলতে দুলতে চলে গেল। খাওয়ার জায়গাটায় গিয়ে বসলে খাব কি,সামনে নানা রকম জন্তুদের অবাধ বিচরণ। এই অভিজ্ঞতা বলে বোঝানোর নয়। সকালে জলখাবার খেয়ে বেরোনো হল। সিংহ,জিরাফ, জেব্রা, ইলান্ড,গ্যাজেল,কুডু, ওয়ার্টহগ আরো কত কি,দেখতে দেখতে আমরা পৌঁছে গেলাম 'লুগার্ড ফল্সে'। কি অসাধারণ যায়গা ! গালানা নদীর গতিপথে অপেক্ষাকৃত নরম পাথরের নদীখাতে তৈরি হয়েছে এই ফল্স এবং গিরীখাত(gorge)।জলের আঘাতে রঙিন পাথরের নানা রকম আকার-আকৃতি মন মুগ্ধ করে দিল। প্রকৃতির এই অপরূপ সৌন্দর্যকে আমরা ক্যামেরাবন্দি করে নিয়ে ওখানকার একটা ভিউ পয়েন্ট এ গেলাম, যেখান থেকে নদীর মধ্যে জলহস্তি আর পাড়ে সারি দিয়ে কুমিরদের দেখলাম রোদ পোয়াতে। আহা! কি অসাধারণ দৃশ্য! ফেরার পথে আরও প্রচুর জন্তুদের জীবন যাত্রা দেখতে দেখতে ডেরায় ফিরলাম।

পরদিন সকালে বেরিয়ে পড়লাম, আম্বোসেলীর উদ্দেশ্য। ন্যাশনাল হাইওয়ে ধরে যেতে যেতে দুই ধারে দেখলাম প্রচুর জিরাফ, জেব্রা,এন্টিলোপ চরে বেড়াচ্ছে, যেমন আমাদের দেশে মাঠে-ঘাটে গরু- ছাগল ঘুরে বেড়ায়।আমরা কেনিয়া-তানজানিয়া বর্ডার ধরেই যাচ্ছিলাম। আমাদের বাঁ দিকে ছিল মেঘে ঢাকা মাউন্ট কিলিমান্জারো ! মনটা কেমন করছিল,এত কাছে এসেও কি মাউন্ট কিলিমান্জারো দেখতে পাবোনা?আম্বোসেলীতে আমাদের হোটেলটি ছিল 'অল টুকাই'।অসম্ভব সুন্দর পরিবেশ, এই হোটেলটি শুনেছিলাম এখানকার আগের রাষ্ট্রপতির নিজস্ব সম্পত্তি । তাই এর মানটাও বেশ উঁচু দরের। আমাদের থাকার জায়গাটি ও একেবারে রাজপ্রাসাদের মতই।ইতিমধ্যে প্রায় দুপুর হয়ে গেছে। হঠাৎই ঘরের বাইরে এসে দেখি, সব মেঘ সরে গিয়ে মাউন্ট কিলিমান্জারো সদর্পে আমাদের চোখের সামনে দাঁড়িয়ে ! পৃথিবীর মধ্যে সবচেয়ে উঁচু আগ্নেয়গিরীতে তৈরী পাহাড়ো। সে যে কি আশ্চর্য অনুভূতি তা বর্ণনা করা যায় না।ধন্য হয়ে দেখলাম তার শোভা ! বিশাল সুসজ্জিত রেস্টুরেন্টে দুপুরের খাওয়ার আয়োজন ছিল অসামান্য। রসনার তৃপ্তি ঘটিয়ে আমরা বেরিয়ে পড়লাম গেম ড্রাইভে (সাফারী)।খবর পেয়ে ড্রাইভার নিয়ে গেল চিতা দেখাতে ।একটা চিতা একটু দুরে বসে আছে। মাঝে মাঝে সামনে শিকার করে রাখা গ্যাজেল খাচ্ছে । চারিদিকে প্রচুর গাড়ি ঘিরে ধরেছে এ দৃশ্য দেখার জন্য। বিস্তৃত বিশাল তৃণভূমি সাথে কোথাও আবার জলা ভুমি, সব মিলিয়ে অসংখ্য জন্তু এবং পাখিদের বসবাস এখানে।এই প্রথম আমরা এখানে সাদা রংয়ের ফ্লেমিংগো দেখলাম। আরো নানা রকমের পাখি যাদের সবার নাম জানি না। এ ছাড়াও দেখলাম,গ্যাজেল, জেব্রা,উইল্ডিবীস্ট। সবচেয়ে যেটা নজরকাড়ে সেটা হল এখানকার হাতির দল। মনের আনন্দে তারা সপরিবারে এ প্রান্ত থেকে ও প্রান্ত দুলে-দুলে হাঁটছে আর ঘাস-পাতা খাচ্ছে। সবটা ঘুরে দেখতে দেখতে সূর্য ডোবার সময় হয়ে এল। ডুবন্ত সূর্য আর রাজকীয় কিলিমান্জারোর প্রেক্ষাপটে হাতির দল গুলোকে অসাধারণ সুন্দর লাগছিল। মন ভরে দেখলাম আর প্রচুর ছবি তুললাম। ফেরার পথে দেখি বিশাল এক দল উইল্ডিবীস্ট আর জেব্রা লাইন করে হেঁটে চলেছে কোনো গন্তব্যে। দৃশ্যটা অনেকটা 'মাস মাইগ্রেশন' এর মতন লাগছিল। হোটেলে ফিরে গিটারে আফ্রিকান সঙ্গীতের সুর সহযোগে নৈশাহার সেরে বিশ্রাম। পরদিন আবার নতুন সকাল, নতুন গন্তব্য। প্রাতঃরাশ শেরে আম্বোসেলী থেকে বেরোনোর পথে আবার ও সিংহ-সিংহী, হায়না পরিবার,উট পাখির দল,উইল্ডিবীস্ট, জেব্রা,হাতি ও পেলিকান-ফ্লেমিংগো সহ নানাবিধ পাখি দেখতে-দেখতে রওনা দিলাম নাইভাশার উদ্দেশ্যে।অনেকটা পথ যেতে হবে। এবার পথে এক দল উট ও দেখলাম। একটু আকারে ছোট। যাই হোক, বিকেল হয়ে গেল লেক নাইভাশা পৌঁছতে। সূর্য ডুবে গেলে আর বোটিং হবে না। তাই তাড়াতাড়ি টিকিট কেটে লাইফ জ্যাকেট পরে বোটে চেপে বসলাম। লেক নাইভাশা একটি মিষ্টি জলের হ্রদ। এটি গ্রেট রিফ্ট ভ্যালির অংশ।এই হ্রদে প্রচুর জলহস্তি এবং প্রায় চারশ প্রজাতির পাখির বসবাস। এক ঘন্টার বোটিং এ আমরা এর অনেকটাই দেখলাম এবং বেশ মজা করেউপভোগ করলাম।

এখানে আমরা 'নাইভাশা সোপা রিসর্ট' এ ছিলাম। লেক নাইভাশার পাড়েই অবস্থিত,দুর্দান্ত একটি রিসর্ট এটি। ঘরের ব্যালকনি থেকেই সামনে লেক নাইভাশা দেখা যায়।সন্ধ্যার পর একা বেরোনো যাবে না। রিসর্টের কর্মচারীরা হাতে টর্চ এবং লাঠি নিয়ে সাথে নিয়ে যাবে কারণ রিসর্টের ভিতরে জেব্রা,জিরাফ,ওয়াটারবাক, এন্টিলোপ এরা অনায়াসে ঘুরে বেড়ায়। অনেক সময় জল থেকে জলহস্তি ও উঠে আসে।আমরাও রাতে রেস্টুরেন্টে যাওয়ার সময় দেখলাম, একটি জিরাফ আর ওয়াটারবাক একেবারে ঘরের সামনেই। উফ্ ! অসাধারণ সব অভিজ্ঞতা ! পিয়ানোয় আফ্রিকান মিউজিক এর সঙ্গে নৈশাহার সেরে বিলাসবহুল ঘরে শান্তির ঘুম।পরদিন ভোর বেলায় প্যাকড লান্চ নিয়ে আমরা বেরিয়ে পড়লাম 'লেক নাকুরু ন্যাশনাল পার্ক' দেখতে। লেক নাকুরু পিংক ফ্লেমিংগোর জন্য বিখ্যাত। লেকে যাওয়ার পথে গন্ডার দেখতে পেলাম। আর কিছুটা যেতে, সিংহ আর সিংহীকে একটি গাছের তলায় বিশ্রাম নিতে দেখা গেল।গাড়ির সামনে হঠাৎই কিছু বেবুন ধুপ-ধাপ করে চলে এলো। এক যায়গায় একটু জল ছিল রাস্তার উপর, সেটাই খেতে এসেছিল। ওদের পাশ কাটিয়ে চললাম লেকের দিকে।অসংখ্য সাদা পেলিকেন লেকের পাড় ঘেঁসে জমাট বেঁধে রয়েছে।এ পাশে জঙ্গলের ভেতর কিছু বুনো মোষ তাকিয়ে একবার আমাদের গাড়িটাকে দেখে নিল।এবারে গাড়িটাকে ঘুরিয়ে নিয়ে ঠিক লেকের পাড়ে থামাল ড্রাইভার 'কেন্'।আমাদের এখানে নামার অনুমতি দিল। আহা! কি অপরূপ দৃশ্য চোখের সামনে ! রাশি-রাশি পিংক ফ্লেমিংগোয় ভর্তি লেক ! নিজের চোখকে ও যেন বিশ্বাস করতে পারছি না ! কিছুক্ষণ অপলক তাকিয়ে থাকলাম। কিছু-কিছু ফ্লেমিংগো এমন করে হাঁটছিল, যেটাকে বলা হয় 'ফ্লেমিংগো ডান্স'। আবার তাদের মাথার উপর পেলিকেনরা উড়ে বেড়াচ্ছে। স্বপ্নেরও অতীত দৃশ্যাবলি যেন চোখের সামনে ঘটে যাচ্ছে আর আমরা তার সাক্ষী হয়ে থাকলাম. ।

ফেরার পথে আমাদের জন্য এক অসম্ভব সুন্দর দৃশ্যাবলি অপেক্ষা করছিল। এই জঙ্গলের চরিত্রটা একটু অন্যরকম, বেশ সবুজ চারিদিক এবং বড়-বড় বিভিন্ন জাতের অ্যাকাশিয়া গাছ আছে।একটা অ্যাকাশিয়া গাছ দেখালো 'কেন্', তার নাম 'টেবল টপ'। সত্যিই যেন একটা বিশাল সবুজ গাছের টেবিল। আমাদের গাড়িটা থামিয়ে দিল 'কেন্',দেখতে পেলাম দূর থেকে অনেক গুলো জিরাফ এদিকেই আসছে। আমাদের সামনে এসে তারা সবাই সারি দিয়ে দাঁড়িয়ে পড়ল,তাদের ভাব-ভঙ্গি, আচার-আচরণ দেখতে আমরা এতটাই ব্যাস্ত হয়ে পড়েছিলাম যে বুঝতেই পারিনি,তারা আসলে আমাদের পথ ছাড়ার অপেক্ষায় ছিল। কি অসম্ভব ধৈর্য তাদের ! দেখে আমরা অভিভূত! অপূর্ব এই দৃশ্যকে ক্যামেরা বন্দি করে আমাদের গন্তব্যে আমরা এগিয়ে গেলাম। পাশ দিয়ে একটি সুট-বুট পরা পাখি,যেন হাতে খাতা-কলম নিয়ে ধীর পায়ে হেঁটে গেল। ওনার নাম 'সেক্রেটারি বার্ড'।তাই তার ওই রকম কেতা! কত যে বিস্ময়কর ঘটনার সাক্ষী হলাম তার হিসেব করা যায় না।আমাদের যাত্রা চলতেই থাকল।

এবার আমাদের চূড়ান্ত গন্তব্য 'মাসাইমারা'। মাসাইমারা যাবার পথে আমাদের একটা গাড়ি হঠাৎ খারাপ হয়ে গেল। আমাদের ড্রাইভার 'কেন্', 'নারোক'থেকে আর একটা গাড়ি আনতে পাঠালো। এই বিভ্রাটের জন্য কিছুটা সময় গেল।সেই সময়টা আমাদের একটা কিউরিও শপে অপেক্ষা করতে হয়েছিল। দুর্দান্ত সব হ্যান্ডিক্রাফ্ট দিয়ে সুসজ্জিত দোকান। আমরাও সবাই সুযোগের সদ্ব্যবহার করে, যার যা পছন্দ কিনে নিলাম। যদিও দামটা একটু বেশিই মনে হল, কিন্তু এই সব জিনিস তো আর আমাদের দেশে পাব না! অতঃপর যা হবার তাই হল,'মাসাইমারা' পৌঁছিতে বেশ রাত হয়ে গেল।আমাদের ড্রাইভার 'কেন্',তাই বড় রাস্তার বদলে মাঠ-ঘাট আর জঙ্গলের ভেতর দিয়ে নিয়ে চলল।রাতের অন্ধকারে দারুণ এক রোমাঞ্চকর অভিযানের অভিজ্ঞতা হল। অবশেষে 'মারাদুমা বুশ ক্যাম্পে' এসে পৌঁছলাম।

এই জায়গাটি আমাদের ট্যুর ম্যানেজার 'টোনির' নিজস্ব কাজের জায়গা,তাই আমাদের আপ্যায়নের যথাসম্ভব সুব্যাবস্থা করেছিল। পাশের মাসাই গ্রাম থেকে একটি দল এসে,তাদের পারস্পরিক সঙ্গীত ও নাচের মাধ্যমে আমাদের স্বাগত জানাল। এখানে ঘর বলতে সবই টেন্ট। আমাদের টেন্টে আমরা চার মহিলা ছিলাম। এই ভাবেই মহিলা-পুরুষ ভাগ করে বিভিন্ন টেন্টে আমরা থাকলাম। মহিলাদের টেন্ট গুলোর নাম 'লেডিস হোস্টেল' আর পুরুষদের টেন্ট গুলোর নাম 'জেন্টস হোস্টেল' দেওয়া হল।'মারাদুমা বুশ ক্যাম্প' টি একদম 'তালেক' নদীর তীরে অবস্থিত। এখান থেকে ঢিল ছোঁড়া দুরত্বেই হল 'মাসাইমারা ন্যাশনাল রিজার্ভ ফরেস্টের' তালেক গেট।আমাদের টেন্টগুলোর সামনেই তালেক নদী আর তার ওপারেই মারা রিজার্ভ ফরেস্ট।তাই টেন্টের বারান্দায় দাঁড়ালেই ওপারে জন্তুদের ঘোরা-ফেরা করতে দেখা যায়। তালেক নদীর ভেতর অনেক বড়-বড় পাথর ভর্তি,আর দুই ধারে গাছ-পালা থাকায়,প্রচুর পাখির বসবাস গাছ গুলোয়।মাঝে-মাঝে বেবুনের দল ও চলে আসে খাবারের খোঁজে। যেহেতু একদম জঙ্গলের ধারেই ক্যাম্পটা তাই সারা রাত পাহারার ব্যবস্থা আছে।এখানকার থাকাটা অনেকটা হোম স্টের মতন লাগল। আমাদের দলটা ছাড়া আর একটা জনা পাঁচেক ছেলেদের দল ছিল এই ক্যাম্পে।অবশ্য তাঁরা আমাদের দু দিন পরে এসেছিল। টেন্ট গুলোর ভেতরে অবশ্য আধুনিক সমস্ত ব্যবস্থা ছিল। এখানে আমরা প্রতিদিন সকাল-বিকাল দু'বার করেই গেম ড্রাইভে(সাফারী)যেতাম। ভোর ছ টায় এদের নিজেদের কিচেনে তৈরী মাফিন সহযোগে চা/কফি খেয়ে বেরোনো হত গেম ড্রাইভে,আড়াই-তিন ঘন্টার দুর্ধর্ষ সাফারী অভিযান সেরে ক্যাম্পে ফিরে একটু বিশ্রাম নিয়ে,দুপুরের খাওয়ার পর আবার আর এক প্রস্থ গেম ড্রাইভ। আর এই গেম ড্রাইভ গুলোতে অজস্র জন্তুদের দেখতে পাওয়া এবং তাদের জীবনযাত্রার সাথে পরিচিত হওয়ার সুযোগ পাওয়া, এ এক অসাধারণ অভিজ্ঞতা।ভোর বেলায় এখানে হট এয়ার বেলুন রাইডের ও ব্যবস্থা আছে।ইচ্ছুক পর্যটকরা এই রাইডটি নিতে পারেন। আমরা যদিও নিই নি। কেনিয়ার মাঝখান দিয়ে বিষুবরেখা গেলেও পুরো দেশটাই মালভূমির উপর। মাসাইমারা তাই 5 থেকে 6 হাজার ফুট উঁচুতে হওয়ায় গরম নেই। ভোরবেলা এবং রাতে ঠান্ডা। এখানে ধু ধু গ্রাশল্যান্ড বা সাভান্না, মাঝে মাঝে দু একটা গাছ। তবে নদী নালার কাছে বুশ আছে। সিংহরা বেশিরভাগ ক্ষেত্রেই বুশের কাছেই থাকে। ।

এইখানে আমাদের ড্রাইভার 'কেন্' সম্পর্কে দু-একটি কথা না বললেই নয়। কেন্ ,মাসাই সম্প্রদায়ের মানুষ, এবং জঙ্গলের সাথে ওর অসাধারণ একাত্ম সম্পর্ক দেখার মতন! প্রায় টারজানের মতন লাগত আমার ওকে! ও যেন গন্ধ শুঁকেই বলতে পারত,কোথায় গেলে কোন জন্তু দেখা যাবে।তা ছাড়া, গোটা জঙ্গল পাহারা দেয় রেন্জারদের গাড়ি। তাদের কাছ থেকেও খবর আদান-প্রদান হয়। এই ভাবে গোটা জঙ্গলটা প্রতিদিন, এ মুড়ো থেকে ও মুড়ো আমাদের নিয়ে চষে বেড়িয়ে অগুনতি পশু-পাখি দেখিয়েছে কেন্। তাদেরমধ্যে সিংহ,চিতা,লেপার্ড,হাতি,এল্যান্ড,গ্যাজেল,টোপি, কেপবাফেলো, জেব্রা,জিরাফ, ওয়াটারবাক, অস্ট্রিচ, হায়না,জলহস্তি, কুমির আরো কত কিছু।ঐ রকমই একটি গেম ড্রাইভের সময়,হাড় হিম করা একটি ঘটনার সাক্ষী হলাম আমরা। চার-পাঁচটা হায়না তার কিছুক্ষণ আগেই একটা বড়-সর জেব্রা শিকার করেছে। আমরা দেখলাম কি ভাবে হায়না গুলো তৃপ্তি করে জেব্রাটা কে ছিঁড়ে খাচ্ছে,আর উচ্ছ্বসিত স্বরে ডাকছে। তার চারপাশে উচ্ছৃষ্ট খাবারের আশায় শকুনের দল আর জ্যাকাল অপেক্ষায় ঘুরে বেড়াচ্ছে। হায়নার ডাকটা হাসির মতন শোনাচ্ছিল। আমরাও মজা করে ওই হাসিটা নকল করে নিলাম। পরে সেটা বিভিন্ন সময় 'হায়নার হাসি' বলে অনুকরণ করতাম। একই ভাবে একদিন,গেম ড্রাইভে সিংহিদের বুনোমোষ শিকার করে খাওয়ার দৃশ্য দেখলাম। সিংহ শিকার করে না,করে সিংহীরা। সিংহ অবশ্য পুরো প্রক্রিয়াটার ওপর দূর থেকে নজর রাখে।প্রয়োজন হলে সাহায্য করে। কিন্ত শিকার করা পশুটিকে আগে সিংহিরা এবং শাবকরা খায় তারপর সিংহ খায়। এই হল জঙ্গলের নিয়ম। এতদিন জঙ্গলের আনাচে-কানাচে ঘুরে,আর কেন্ এর সান্নিধ্যে, জঙ্গল সম্পর্কে বেশ অনেক কিছুই জানতে পেরেছি। আর যত জেনেছি ততই বিস্ময়ে অবাক হয়েছি। আর এইভাবেই অভিজ্ঞতার ঝুলি ভরেছি।

দ্বিতীয় দিন রাতে মারাদুমা বুশ ক্যাম্পের তরফ থেকে আমাদের জন্য 'আফ্রিকান নাইটের' ব্যাবস্থা করা হয়েছিল। সেও এক দুর্দান্ত অভিজ্ঞতা! পাশেই একটি জঙ্গলের মতন পরিবেশে,অন্ধকারের মধ্যে শুধুই মোমের আলো ইতি-উতি । আর এক পাশে সেই আদিম যুগের মতন আস্ত একটা ভেড়াকে ঝলসানো হচ্ছে। ওটাই ডিনারে পরিবেশন করা হল। হঠাৎই এক দল মাসাই যুবক নাচতে-নাচতে এল,আমরাও ওদের সাথে নাচলাম। তারপর ছিল অতীব সুস্বাদু নৈশভোজের আয়োজন। বেশ উপভোগ করলাম অনুষ্ঠান টা। পরের দিন ও দুবেলা গেম ড্রাইভের পর রাতে ছিল বন-ফায়ারের আয়োজন। সেই আগুনকে ঘিরে আমরাও মাতলাম অন্তাক্ষরি(গানের লড়াই) খেলায়।অসম্ভব আনন্দ করলাম! এরই মাঝে দুপুর বেলায় মাসাই গ্রাম থেকে কিছু মহিলা তাদের হাতের কাজের পশরা নিয়ে আমাদের ক্যাম্পে এসেছিল। কি সুন্দর সব জিনিস! আমাদের আর ধরে রাখে কে? সবাই অনেক বাজার করলাম, আবার তাদের পরের দিন ও আসতে বলা হল। তৃতীয়দিন সকালে আমরা সেই বিখ্যাত 'মারা' নদী দেখতে গেলাম, যাকে মাস মাইগ্রেশনের সময় উইল্ডিবীস্ট, জেব্রা ইত্যাদি পশুরা সাঁতরে পার করে সেরেঙ্গেটির দিকে যায়। এই মারা নদীতে অনেক জলহস্তি ও হিংস্র কুমির বাস করে।নদী পার করতে গিয়ে অনেক পশুর প্রাণ যায় এই কুমিরদের পেটে। তবে এটাই হল এই জীব জগতের বাস্তুশাস্ত্র। মন ভরে কুমির আর জলহস্তি দেখে আমরা ফিরে এলাম।

এবার ছিল একটু অন্যরকম প্ল্যান, আমাদের দলটা দুই ভাগে ভাগ হয়ে গেলাম। আমাদের দলে ডাক্তারের সংখ্যা ছিল বেশী,তাই তারা ওখানকার হাসপাতালটা দেখতে গেল, আর আমরা যারা ডাক্তার নই তারা গেলাম মাসাই গ্রাম দেখতে। আমার প্রথম থেকেই মাসাইদের গ্রাম এবং তাদের জীবন-যাত্রা দেখার খুব ইচ্ছে ছিল।এও এক অসাধারণ অভিজ্ঞতা! গ্রামটা চারদিকে শুকনো গাছপালা দিয়ে বেড়া দেওয়া।গ্রামের বাইরে আমরা গাড়ি থেকে নামতেই একজন মাসাই যুবক এসে বলল ,সে গ্রামটা আমাদের ঘুরে দেখাবে ,এক কথায়, আমাদের গাইডের কাজ করবে। এখানেও প্রথমে এক দল মাসাই যুবক ও যুবতীরা এসে তাদের পারস্পরিক সঙ্গীত ও নৃত্যের মাধ্যমে আমাদের গ্রামে স্বাগত জানাল। গ্রামের ভেতরে প্রবেশ করে দেখলাম বৃত্তাকার ভাবে ছোট-ছোট অনেক গুলো মাটির বাড়ি(বোমাস)। আর মাঝখানে প্রচুর গোরু বাঁধা আছে। এখানে ছেলেদের প্রতিপত্তি এবং সাফল্য তার কতগুলো গরু-ছাগল আর সন্তান-সন্তুতি আছে তা দিয়ে নির্ধারণ হয়। এরা বহুবিবাহ প্রথায় বিশ্বাসী। গ্রামের মধ্যে সবাই সব কাজ মিলেমিশে করে এবং সন্তানদের ও মিলেমিশে পালন করে।আজকাল অবশ্য এদের ছেলে-মেয়েরা স্কুলে গিয়ে পড়াশোনা করে। তবে এখনও এরা কাঠে কাঠ ঘষে এক জায়গায় আগুন জ্বালায় তারপর সেই আগুন সবার ঘরের চুলোয় দেওয়া হয়। আগুন জ্বালানোর পুরো প্রক্রিয়াটি আমাদের করে দেখালো ওরা। গরু হচ্ছে এদের প্রধান সম্পদ।এরা গরুর দুধ এবং গরুর গলার কাছে ফুটো করে রক্ত বের করে পান করে। প্রধান খাদ্য হল মাংস, দুধের সাথে গোরুর তাজা রক্ত মিশিয়ে,মধু এবং এক প্রকার গাছের ছাল।এদের পারস্পরিক পোশাক হল লাল রং এর শুকা কাপড়,যেটা একটা বিশেষ পদ্ধতিতে তারা পরে। জঙ্গল এবং পশু জগতের সাথে এদের জীবন মিলেমিশে একাকার। মহিলারা ঘরের কাজের পাশাপাশি পুঁতির গয়না বানানোর কাজ করে আর পুরুষরা পশু-পলন করার সাথে কাঠের ওপর হস্তশিল্পের কাজ ও করে। আমরা ওদের একটি বাড়ির ভিতরে ঢুকে দেখলাম, ছোট একটি মাত্র সদর দরজা দিয়ে ঢুকতে হয়, ভেতরটা অন্ধকার, খুবই ছোট-ছোট দু-তিনটি কামরা আর এক চিলতে রান্নার জায়গা।গোটা বাড়িতে একটা খুব ছোট্ট খোপের মতন জানালা। এরই মধ্যেই সপরিবার বাস করে এরা। শৌচাগার বলে কিছুই নেই, ঝোপ-ঝাড়ই ভরসা।ইদানীং প্রত্যেকটা বাড়িতে একটা করে সোলার লাইটের ব্যবস্থা করা হয়েছে দেখলাম। গ্রামের আর একটা পাশে ওদের বানানো নানাবিধ হস্তশিল্পের পশরা সাজানো ছোট-ছোট দোকান রয়েছে। পর্যটকরা চাইলে কিনতে পারেন। তারপর ওদের ঘরের দাওয়ায় আমাদের বসার জায়গা করে দিয়ে আবার ছেলেরা এবং মেয়েরা পৃথক ভাবে নাচ দেখলো,সাথে কুদু বলে একটি প্রাণীর সিং দিয়ে বানানো বাঁশির মতন বাদ্যযন্ত্র বাজাল। গ্রামের মাঝখানে একটি গাছের তলায় কজন মাসাই যুবক বসে হয়ত জিরোচ্ছিল,আমরা গিয়ে তাদের সাথে আকারে-ইংগিতে ও ইংরেজিতে কিছু বাক্যালাপের চেষ্টা করলাম। আর প্রচুর ছবি তুলে আনলাম।

ক্যাম্পে ফিরে দেখি সেই মাসাই মহিলাগণ আমাদের আশায় পশরা সাজিয়ে বসে আছে।আবারও কিছু কেনা-কাটা করে, দুপুরের খাওয়া দাওয়া সেরে শেষ বারের মতন গেম ড্রাইভে বেরোনো হল। এবার ওয়ার্টহগের(বুনো দাঁতাল শুয়োর)একটা বড় দল চোখে পড়ল। সিংহ তার পরিবার নিয়ে ঝোপের তলায় আরাম করছিল।প্রচুর গ্যাজেল আর উইল্ডীবীস্ট ও দেখলাম। যদিও মাসাই মারা থেকে অসংখ্য উইল্ডিবীস্ট আর জেব্রা 'মাস মাইগ্রেশন' করে সেরেঙ্গেটির দিকে চলে গেছে,তাও কিছু থেকেই যায়।তাই বিখ্যাত 'মাস মাইগ্রেশনের' সাক্ষী হওয়ার সাধ অপূর্ণ থেকে গেল এযাত্রা। জিরাফ-জেব্রা তো যত্র-তত্র ঘুরছে। আর দেখলাম একটা মা হাতি তার দুই সন্তানকে নিয়ে আসছে,পুঁচকে বাচ্চা হাতিটা শুড়-মাথা দোলাতে দোলাতে আর দুষ্টুমি করতে -করতে মায়ের পিছু চলেছে। হস্তি শাবকের বাৎসল্য দেখে অনাবিল আনন্দে মনটা ভরে গেল। আস্তে আস্তে সূর্যাস্তের সময় হয়ে এল,তখনও আমারা জানিনা আমাদের জন্য আরো একটি চমক অপেক্ষায় আছে! আরো কিছুটা যাওয়ার পর দূরে দেখা যাচ্ছিল অনেক গুলো চেয়ার পাতা রয়েছে আর কিছু লোকজন আছে সেখানে।কাছাকাছি আসতেই বোঝা গেল ওই আয়োজন আমাদেরই জন্য। মারাদুমা বুশ ক্যাম্পের তরফ থেকে আমাদের শেষ বারের মতন 'সান ডাউনার পার্টি' দেওয়া হচ্ছে।আমরা এই আয়োজন দেখে আপ্লুত ! মারা জঙ্গলের এই অসম্ভব সুন্দর পরিবেশে, অস্তে চলা সূর্যকে সাক্ষী রেখে 'কভি অলবিদা না কহনা' বলে, আফ্রিকান বন্ধুদের আর আফ্রিকান সাফারীকে বিদায় জানিয়ে ভারাক্রান্ত মনে ক্যাম্পে ফিরলাম।

এবার সব কিছু গোছ-গাছ করে,চলো মন নিজ নিকেতন।পরদিন সকালেই রওনা দিলাম নাইরোবির 'জোমো কেনিয়াট্টা' এয়ারপোর্ট অভিমুখে। কিন্তু সাথে করে নিয়ে এলাম অসম্ভব সুন্দর আফ্রিকান সাফারীর রোমাঞ্চকর অভিজ্ঞতা,যা সারা জীবন আমাদের স্মৃতির মনিকোঠায় বিচরণ করবে।

নারায়ণ সান্যালের " আমি রাসবিহারীকে দেখেছি" অবলম্বনে

# স্ফুলিঙ্গ

প্রসূন গাঙ্গুলী

**চরিত্র ঃ**

**রাসবিহারী বোস ঃ** (রাসু) — বিপ্লবী
**শ্রীশচন্দ্র ঘোষ ঃ** রাসুর ভাই
**বামাপদ ঘোষ ঃ** রাসুর মেসোমশাই
**চারুচন্দ্র রায় ঃ** ডুপ্লে কলেজের প্রিন্সিপাল
**কানাই লাল দত্ত ঃ** শ্রীশচন্দ্রের সহপাঠী

বামাপদ ঃ নমস্কার স্যার, আমার নাম বামাপদ ঘোষ আপনি আমাকে ডেকে পাঠিয়েছেন?

চারুচন্দ্র রায় ঃ হ্যাঁ। বসুন, রাসবিহারী — মানে রাসবিহারী বোস, যাকে আমরা রাসু বলে ডাকি, সে নিশ্চয়ই আপনার ভ্রাতুষ্পুত্র – মানে ভাইপো।

বামাপদ ঃ আজ্ঞে না স্যার।

চারু ঃ না — কিন্তু আমাদের অফিস রেকর্ড অনুযায়ী সে, আপনারই ওয়ার্ড। আপনিই তো তার লোকাল গার্জেন।

বামাপদ ঃ আজ্ঞে হ্যাঁ, স্যার, তা বলতে পারেন। তবে রাসু আমার ভাইপো নয়। শ্রীশচন্দ্র ঘোষ আমার ভাইপো।

চারু ঃ তাহলে রাসু আপনার কে হয়?

বামাপদ ঃ রাসুর বাপ — বিনোদবিহারী বোস — আমার আপন ভায়রা ভাই। আমি সম্পর্কে রাসবিহারীর মেসো।

চারু ঃ বুঝলাম। তা ছাত্রের পিতা বিনোদ বিহারী বাবু থাকেন কোথায়?

বামাপদ ঃ তিনি সিমলা কমিশেরিয়েটে ছাপাখানায় চাকুরী করেন। তবে রাসুর ঠাকুরদা শ্রীযুক্ত কালীচরণ বসু বর্তমান, বৃদ্ধ। অধিকাংশ সময় ওঁদের দেশ বর্ধমান জেলার সুবলদহে থাকেন। তাই বাধ্য হয়ে আমাকেই লোকাল গার্জেন হতে হয়েছে।

চারু ঃ তার মানে ও আপনার বাড়ীতেই থাকে।

বামাপদ ঃ না না — ও থাকে ওর মাসীমার বাড়ী।

চারু ঃ তা আপনিই তো ওর মেসোমশাই। আপনার বাড়ীই তো ওর মাসিমার বাড়ী।

বামাপদ ঃ আজ্ঞে না। সে অন্য মেসোমশাই।

চারু ঃ বুঝলাম। তা রাসবিহারীকে যে সঙ্গে করে আনতে বলেছিলাম। একা এসেছেন কেন।

বামাপদ ঃ কি বলবো স্যার, কাল স্কুল ছুটির পর থেকেই সে বেমালুম নিরুদ্দেশ।

চারু ঃ শুনুন, বামাপদ বাবু, রাসবিহারীকে আর এই বিদ্যালয়ে মানে ডুপ্লে কলেজে রাখতে পারবো না। ওর নাম এখান থেকে কাটিয়ে দেওয়া হবে।

বামাপদ ঃ কেন, সে কি অন্যায় করেছে?

চারু ঃ সে ইতিহাসের শিক্ষক কামালউদ্দিন চৌধুরীকে প্রহার করেছে। ওর বাবাকে চিঠি লিখে জানিয়েছিল। এখন এই মিড সেশন অন-এ ভর্তি হতেও পারবে না। ওর একটা বছর নষ্ট হলো।

বামাপদ ঃ কিন্তু স্যার, ও এখন ছেলেমানুষ, ওর বয়সের কথা চিন্তা করে অন্য শাস্তি কি দেওয়া যায় না।

চারু ঃ কি করে দেব? ও তো এলোই না আপনার সঙ্গে, আর ছেলেমানুষ বলে তার অপরাধের শাস্তি কম হবে এটা আমি মানি না। when you say " Boys will be boys' you forgot & add, "Boys will be man".

বামাপদ ঃ তা হলে আমি চলি —

চারু ঃ না — বসুন, আচ্ছা রাসু বাড়িতে মা-মাসী — বা অন্য ভাইবোনের সাথে কেমন ব্যবহার করে?

বামাপদ ঃ আজ্ঞে, ওর 'মা' নেই, মারা গেছে। আছে এক ভগিনী-সুশীলা-সুন্দরী।

চারু ঃ 'মা' নেই, বাবা বিদেশে, মানুষ হচ্ছে মাসীর বাড়ী, মেসোমশাই, অথচ সেই মাসী আপনার স্ত্রী নন, আমি তো ....

বামাপদ ঃ আজ্ঞে না, আমি ওর আপন মেসো। ও থাকে ওর বিমাতার বোন বামাসুন্দরীর কাছে।

চারু ঃ বুঝলাম — তা এদের সাথেই — মানে বিমাতা, বা অন্য ভাই বোনেদের সাথে ব্যবহার কেমন ?

বামাপদ ঃ অতি হারামজাদা, হাড় বখাটে ছোকরা স্যার। পড়াশোনার নাম গন্ধ নেই। দিন রাত্তির বদমাইসি, এর গাছের আম, ওর গাছের লিচু, তার পুকুরের মাছ .... নিজের পরকাল ঝড়ঝড়ে। এখন আমার পুত্র শিবেটাকে শেষ করছে। ওকে আর শোধরানো যাবে না।

চারু ঃ বুঝলাম। The heart has been bruised beyond Repairs.
এবার আপনি আসুন।

শ্রীশচন্দ্রের প্রবেশ —

শ্রীশ চন্দ্র ঃ স্যার আসব —

চারু ঃ কে — শ্রীশ চন্দ্র, এসো — কি ব্যাপার ?

শ্রীশ চন্দ্র ঃ আজ্ঞে, রাসু এসেছে — কাকা তুমি এখানে?

চারু ঃ ওকে — ভিতরে নিয়ে এসো।

রাসু ঃ আসছি স্যার।

চারু ঃ হ্যাঁ — এসো

বামাপদ ঃ এমন চড় মারবো ... আয় — এখানে —

চারু ঃ আপনি থামুন। কামালুদ্দিন সাহেবের গায়ে হাত তুলেছো কেন?

রাসু ঃ আজ্ঞে, আমি তো তাঁর গায়ে হাত তুলিনি স্যার।

চারু ঃ হাত তোলোনি — আবার মিছে কথা —

রাসু ঃ না — স্যার সত্যি কথা। উনি আমাকে প্রথমবার বেত দিয়ে মারার পর দ্বিতীয়বার মারতে গেলে আমি ডান হাত পেতে দিই। আর বেত আমার হাতে পড়ার সাথে সাথে সেটা ধরে ফেলি। দুহাত দিয়ে বেতটা ঘুরিয়ে দিয়ে কেড়ে নিয়ে পালিয়ে যাই।

চারু ঃ তারপর —

রাসু ঃ তারপর —

চারু ঃ একটু দূরে গিয়ে পকেট থেকে কালির দোয়াত বার করে মাষ্টার মশাইয়ের পিরান লক্ষ্য করে ছুঁড়ে মারলে কেন? কি হলো চুপ করে কেন — উত্তর দাও।

বামাপদ ঃ উত্তর দে বজ্জাত —

শ্রীশ চন্দ্র ঃ চুপি সারে — সত্যিটা বলে দেনা

রাসু ঃ আজ্ঞে উনি আমাকে রাসভ বলেন কেন —

চারু ঃ কি বলেন — ‘‘রাসভ’’ — মানে গাধা — ঠিকই তো বলেন। তুমি একটি আস্ত গাধা — তা ক্লাসে আরও থেলে থাকতে শুধু তোমাকেই ‘‘রাসভ’’ বলেন কেন ?

রাসু ঃ আজ্ঞে উনি শুধু আমাকেই নয় — সব ছেলেকেই তার বাবা-মার দেওয়া নাম ধরে না ডেকে বিকৃত নামে ডাকেন। ওটাই ওনার স্বভাব।

চারু ঃ যেমন ?

রাসু ঃ যেমন — মকর কেতন কে — বলেন — মর্কট, আংশুমানকে - আনজান, বারীন্দ্রকে — বাঁদরেন্দ্র।

বামাপদ ঃ এটা কিন্তু ঠিক নয় স্যার। মা বাপের দেওয়া নামের একটা ব্যঞ্জনা থাকে।

চারু ঃ তাই বলে তুমি ওঁর গায়ে কালি ঢেলে দেবে?

রাসু ঃ শুধু সেজন্য নয় স্যার। উনি বাঙালি জাতটাকেই অপমান করেন। তাই আমার মাথার ঠিক ছিল না।

চারু ঃ কি বললে? বাঙালি জাতটাকে অপমান করেন — মানে —

রাসু ঃ হ্যাঁ স্যার, উনি বলেন মাত্র সতেরজন অশ্বারোহী নিয়ে বখতিয়ার খিলজি এ দেশ জয় করেছিল। কারণ বাঙালিরা সব ভেড়ুয়া ছিল।

রাসু ঃ এ কি বিশ্বাস যোগ্য স্যার?

চারু ঃ তাই তো লেখা আছে ইতিহাসে।

রাসু ঃ ওতো স্যার যারা জিতেছিল তাদের লেখা ইতিহাস। সত্যি ঘটনা আমরা তো জানি না।

চারু ঃ তুমি রমেশচন্দ্র দত্তের — ‘‘বঙ্গ বিজেতা’’ পড়েছ?

রাসু ঃ না — স্যার, তবে মহারাষ্ট্র জীবন প্রভাত, রাজপুত জীবনসন্ধ্যা পড়েছি।

চারু ঃ আচ্ছা — বঙ্কিমের কোন বই পড়েছ? I mean এখন পর্যন্ত যত বই পড়েছ তার মধ্যে সর্বশ্রেষ্ঠ কোনটি?

রাসু ঃ হ্যাঁ স্যার পড়েছি। আমার পড়া সর্বশ্রেষ্ঠ বই — ‘‘আনন্দমঠ’’ — এবার তবে আমি বাড়ী যাই স্যার — চলো মেসো —

বামাপদ ঃ আমি তো কি বলবো বুঝতে পারছি না স্যার। চলো শ্রীশ — আমার সাথে বাড়ী চলো।

চারু ঃ রাসবিহারী —

রাসু ঃ স্যার —

চারু ঃ এই নাও — রমেশচন্দ্রের ‘‘বঙ্গ বিজেতা’’ — এখন বাড়ী গিয়ে পড়। সন্ধ্যেবেলায় সুহৃদ সম্মিলনীতে এসে বইটা ফেরত দেবে, আর তখন বলবে তোমার কৃতকর্মের জন্য কামালুদ্দিন সাহেবের কাছে নিঃশর্ত ক্ষমা চাইতে প্রস্তুত আছ কি না। শ্রীশ তোমাকে ‘‘সুহৃদ সম্মেলনী’’ আখড়ায় সন্ধ্যে ছয়টায় নিয়ে যাবে।

রাসু ঃ আমি ক্লাস করতে পারবো না স্যার —

চারু ঃ না। যতক্ষণ না তুমি তোমার শিক্ষকের কাছে নিঃশর্ত ক্ষমা চাইছো তোমাকে ক্লাসে বসতে দেওয়া হবে না। তোমার নাম এই কলেজ থেকে বাদ দেওয়া হতো। তবে তুমি সত্যি কথা বলার জন্য তোমাকে একটা সুযোগ দেওয়া হতো। এবার বাড়ী যাও। আপনিও আসুন বামাপদ বাবু। রাসুকে একটু নজরে রাখবেন। খাঁটি লোহার টুকরো। ঠিকমতো ধার দিতে পারলে তলোয়ার করা যাবে।

(লাঠি খেলার আওয়াজ, পেটা ঘণ্টার ছয়টি আওয়াজয সন্ধ্যে নামছে চন্দননগরে)

শ্রীশ চন্দ্র ঃ ঐ দেখ রাসু-সুহৃদ সম্মেলনী-আখড়া। পাশে লাইব্রেরীও আছে।

রাসু ঃ ঐ শ্যামবর্ণ ছেলেটিকে একটা বড়লোক বেধড়ক ঠ্যাঙাচ্ছে কেন। আর আশেপাশের সব লোক দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছে। ছেলেটাকে বাঁচাচ্ছে না। দাঁড়াও — দেখাচ্ছি মজা এই খবরদার —

একজন ঃ কি ব্যাপার হে। তুমি আবার এসবের মধ্যে ঢুকলে কেন ছোকরা।

রাসু ঃ তুমি এত বড়-ওকে একলা পেয়ে মারছ কেন?

কানাই লাল দত্ত ঃ (হাঁপাতে হাঁপাতে) না-না-ও মারেনি। আমরা বকসিং শিখছিলাম।

শ্রীশ চন্দ্র ঃ রাসু —
ঐ হল কানাইলাল দত্ত। রোড সাকিমের সরিয়াপাড়া গলিটা যেখানে রু-দ্য বেনারসে পড়েছে সেখানে ওর বাড়ী। ছোটবেলায় বাবার সাথে বোম্বাই চলে গিয়েছিল। এবছর আমাদের ক্লাসে ভর্তি হয়েছে। ইংরাজী ভাল জানে, তবে বাংলা ভাল জানে না।

কানাই ঃ শ্রীশ — এই তবে তোমার রাসুদাদা —

শ্রীশ ঃ হ্যাঁ — চল কানাই — স্যারের কাছে যেতে হবে।

রাসু ঃ হেডস্যার সন্ধ্যে ছটায় আসতে বললেন — নিজেই তো এলেন না।

কানাই ঃ স্যারকে একটা জরুরী মিটিংএ যেতে হয়েছে। তাই এখানে আসতে পারেননি। আমাকে খবর পাঠিয়েছেন ওনার বাড়ী যেতে।

রাসু ঃ তুমি আগে বোম্বাইতে ছিলে কানাই।

কানাই ঃ বোম্বাই নয় পুনায় — আর্য মিশনে পড়তাম।

রাসু ঃ পুনার চাপেকার ব্রাদার্স-এর নাম শুনেছ। দামোদর হরি চাপেকর।

কানাই ঃ তুমি ও নাম কোথায় শুনলে?

রাসু ঃ দেখ ভাই, তোমাদের এই উপিনদার আওড়ায় প্রথম আসছি। তাই উনি কি কারণে বিখ্যাত তা জানি না। আন্দাজ করতে পারি। তবে দামোদর আর বালকৃষ্ণ চাপেকারের নাম জানবো না।

শ্রীশ চন্দ্র ঃ আমি তো নাম শুনিনি।

রাসু ঃ কানাই তুমি ওদের দেখেছো ?

কানাই ঃ কেমন করে দেখবো আমার বয়স এখন ১০ বছর। দামোদরের ফাঁসি হয় ১৮ই এপ্রিল ১৮৯৮, ছোট ভাই বাসুদেবের ফাঁসি হয়। মে ১৮৯৯, দামোদরের ১০ই মে ১৮৯৯।

কানাই ঃ তবে আমাদের ক্লাসের একটি ছেলে ওদের কথা খুব বলতো।

রাসু ঃ ক্লাসের ছেলে মারাঠী ?

কানাই ঃ হ্যাঁ, পড়াশোনাতে খুব ভালো — ফার্স্ট হতো — পিংলে।

শ্রীশ চন্দ্র ঃ পিংলে — মানে পিংলে পটাশ (হেসে হেসে)

কানাই ঃ না — না — খুব ভাল স্বাস্থ্য পুরো নাম — বিষ্ণু দানেশ পিঙলে।

শ্রীশ চন্দ্র ঃ বলতে বলতে স্যারের বাড়ী চলে এসেছি। স্যার কি একটা পড়ছেন।

কানাই ঃ স্যার —

চারু ঃ আরে এসো এসো এসো — এথোস, পার্থোস এণ্ড অ্যারেনি থ্রি — মাস্কোর্টিয়ার্স — আলেকজাণ্ডার ডুমার লেখা বই। দারুণ গল্প। পরে তোমাদের বলব, থাক্ থাক্ আর প্রণাম করতে হবে না। দাও রাসু বইটা দাও। কই, পড়েছ বলে তো মনে হচ্ছে না।

রাসু ঃ না — স্যার, পুরোটা পড়েছি।

চারু ঃ তবে শাস্ত্র বাক্য মিলছে না কেন? লেখনী পুস্তিকা জায়া পরহস্তদা হতা। যদিসা পুনরায়াতি ভ্রষ্ট নষ্টাচমদিতা।

কানাই ঃ স্যার মানে তো বুঝলাম না।

শ্রীশ : আমাদের সংস্কৃত বিদ্যা তো ওই নরঃ নরৌঃ নরাঃ পর্যন্ত।

চারু : বুঝলে না — তবে শোন —
''কলম-কেতাব কবি প্রিয়া ধার দিও না কাউকে ভাই ধার দিলে তা ফিরে আসার কোন রকম চান্সই নাই। নেহাত যদি ঘরে ফেরেন — দেখবেন কয়লা হলেন ছাই'' তা শ্রীমান কেন্নো — আজ কি পড়ার কথা ছিল।

কানাই : স্যার আমার এই নাম কি করে জানলেন —

চারু : খোঁচাটা মেরেছে রাসু — মানে শ্রীমান রাসভ, পরে অনুসন্ধান করে জেনেছি তোমার নাম —

শ্রীশ : আজ স্যার 'পলাশীর যুদ্ধ' শুরু করার কথা —

চারু : Exactly পলাশীর যুদ্ধ কোনো ক্লাসিক্যাল লিটাচারের স্টাডি করতে হলে বুঝলে কানাই — সেই সাহিত্য কর্মকে হিসটোরিক্যালি জিওগ্রাফিক্যালি — এবং ক্রনোলজিক্যালি এসটাব্লিস করতে হবে। চন্দ্রননগরের চাঙ্গা পার হয়ে শ্যামলদার জগদ্দল কৃষ্ণনগরকে পিছনে ফেলে আমাদের যেতে হবে উত্তরে নদিয়া জেলার পলাশীর আমবাগানে। মীরজাফর — উমিচাঁদ — রাজবল্লভ রায়দুর্লভের ষড়যন্ত্র জালে রুদ্ধ হল শ্বাস। অপরদিকে মৃত্যুঞ্জয়ী মীরমদন —মোহনলালের আত্মবলিদানে ভারী হল বাতাস। বণিকের মানদণ্ড - রাজদণ্ডে রূপান্তরিত হল। আচ্ছা বলো দেখি তোমরা যদি সেই পলাশীর প্রান্তরে উপস্থিত থাকতে কী করতে?

শ্রীশ : আমি স্যার ক্লাইভের কাছে জীবন্ত ধরা দিতাম না। যুদ্ধ শেষে হেরে গেছি জানলে মীরমদন মোহনলালের সঙ্গী হয়ে আত্মহত্যা করতাম।

চারু : কানাই তুমি ?

কানাই : আমি স্যার, বন্দুকের গুলি ওভাবে নষ্ট করতাম না। সেটা নিয়ে ফিরে আসতাম মুর্শিদাবাদে যতদিন না মীরজাফরের সাক্ষাৎ পেতাম গুলিটা জিইয়ে রাখতাম।

চারু : রাসবিহারী।

রাসু : আমি স্যার কামলুদ্দিন স্যারের কাছে ক্ষমা চাইতে পারবো না।

শ্রীশ : কি প্রশ্নের কি উত্তর — স্যার জানতে চাইছেন পলাশীর যুদ্ধে বেঁচে থাকলে তুমি কি করতে?

রাসু ঃ এটুকু বোঝার মতো বুদ্ধি আমার আছে। আমি ক্লাইভের দলে নাম লেখাতাম।

শ্রীশ ঃ Trailor।

রাসু ঃ হ্যাঁ, Trailor আমি দেখতাম কি মন্ত্রে কোন কৌশলে ক্লাইভের সেনা সিরাজদৌল্লার অতবড় বাহিনীকে পরাস্ত করল।

চারু ঃ (মনে মনে) — এত একেবারে খাঁটি ইস্পাতের টুকরো। কোলকাতার আপার সার্কুলার রোডে বরোদা থেকে শ্রী অরবিন্দের নির্দেশে বরোদার সশস্ত্র বাহিনীর সৈনিক গুপ্ত সমিতি গঠনের ব্রত নিয়ে আখড়া খুলছেন যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। রাসুকে যতীনবাবুর কাছেই পাঠাতে হবে। প্রকাশ্যে — ঠিক আছে — এখন তোমরা এসো। বন্দেমাতরম্ —

সকলে ঃ বন্দেমাতরম্ (বন্দেমাতরম্ গান দিয়ে এই শ্রুতিনাটকটি শেষ হচ্ছে)।

# How to Talk About Adoption with Your Child — A Guide for Adoptive Parents

**Sahana Rishu Kumar**

One of the most feared challenges many adoptive parents face is this question: **"How do we tell our child about adoption?"** Streaming thoughts of uncertainty often follow:

"What if the child gets into depression?"

"What if they reject us?"

"What if they ask to visit birth parents?"

These fears are real. Many parents delay or avoid the conversation, worried about the fallout.

I wasn't born with parenting skills nor was there any lightning-bolt moment of clarity. Over the years, through conversations with experienced adoptive parents, adoptees, and counsellors, I have gathered insights on the "how" of telling this important truth. Rather, it has been a journey of learning, patience, and dialogue. The following are some ground-rules that guide this process.

## 1. Start Early – Don't Wait for the "Right Time"

Research emphasises the value of beginning the conversation as early as possible. According to the Child Mind Institute, "Talk about adoption early and often" so that adoption becomes normalized and not a secret.

Waiting until a child is older can send the unintended message that adoption is something shameful or hidden. As one adoption expert writes, "Beginning the discussion right at the very beginning… makes it part of the family milieu rather than a time of anxiety."

**In practice:** from the moment your child joins you as your family, adoption should be part of the story. Regardless of their age, the conversation must begin. You don't wait for "perfect words" or "ideal timing" — you bring it into everyday moments.

## 2. Mirror Your Words with Your Emotions

Children are smart—they sense emotional undercurrents even when adults are silent. If your words say one thing and your expressions say another, you risk losing trust. According to the

U.S. Child Welfare Information Gateway, parents who freeze when adoption comes up may unintentionally signal “something is wrong with being adopted.”

**What to do:** Monitor your body-language. If you seem uneasy, your child will sense it. Match your tone and expression to your message: calm, confident, loving. The clarity of your presentation becomes part of the foundation.

### 3. Be Confident and Truthful

One of the biggest mistakes parents make is building fictional stories when the child asks questions like “How was I born?” or “How did I come to you?” Misleading a child can lead to future mistrust. The key is transparency — age-appropriate, truthful, and consistent. As Rhonda Jarema puts it: “Do not fill in blanks when the answer really isn’t known… Children are entitled to their own history.” When they ask it’s an opportunity for you to bring this topic and have a valuable and cozy conversation.

**In practical terms:**

Have your adoption story ready. Use simple language.If information is missing, say: “This is what we know, and we’ll share more when we can.”

If others ask about the adoption, respond openly — no secrecy, no code word. This builds your child’s confidence in the narrative.

### 4. Use Storytelling — And Keep It Consistent

We all grew up on stories—they stay with us even as we grow old. Your child’s adoption story becomes part of the family’s storybook. Create a unique narrative of how they joined your family; repeat it with kindness and consistency. Doing so provides stability and meaning.

Psychologically, this helps children integrate the fact of their birth and arrival into their identity. Experts recommend creation of a “lifebook” — a scrapbook or photo-journal of before, during, and after adoption.

**In practice:**You might say:“You were born in [place]. We were so excited when we first met you. And we couldn’t wait to bring you into our home. Everyone in the child care home loved you and cared for you so much.”

Over time, you add more detail consistent with your family story and culture.

**5. Read and Use Resources Together**

There are many valuable books and articles about adoption — both for your personal growth and for sharing with your child over time. In the early years, picture books about adoption help children see themselves in the story.

You can choose titles that resonate with your journey. Reading together provides language, opens conversations, and normalises adoption in everyday life.

Final Thoughts – You Are Shaping a Generous Future

The world isn't always gentle. As adoptive parents, we carry the responsibility of shaping a child who is adaptive, resilient, and secure in their narrative. When we model openness, confidence and authenticity, we empower our children to face the world and share their origins without fear.

Your small, consistent efforts matter. They build a foundation upon which your child can grow—proud of their story, grounded in truth, and ready to engage with life.

**References**

Jarema, Rhonda. Talking to Adopted Children About Birth Parents and Origins: Adoption Advocate No. 87.

National Council For Adoption

Hagan, Molly. How to Talk to Your Child About Being Adopted. Child Mind Institute.

Child Mind Institute

Parenting Your Adopted School- Age Child. Child Welfare Information Gateway.

health.uconn.edu



**পাখিদের কথা** - পর্ব-৯

## বাতাসি ( The House swift)

**প্রভাত কুমার চট্টোপাধ্যায়।**

**প্রকৃতির অপার সৌন্দর্যের অনেকটাই জুড়ে আছে ফল, ফুল, সাগর, পাহাড় আর অজস্র পাখি। হাঁ, পাখি। প্রায় প্রত্যেকটি পাখিই খুব সুন্দর -- অপরূপ শিল্প - শৈলীর অপূর্ব নিদর্শন।এই পাখিদের যেমন রংঙের বাহার, আবার তারা সদাচঞ্চল। কোনো কোনো পাখি যেমন দূর আকাশে স্বচ্ছন্দে বিচরণ করে, আবার কোনো কোনো পাখি তাদের মধুর কন্ঠে গান গেয়ে আমাদের অনাবিল আনন্দ দেয়। আজ এমন একটা পাখির কথা বলবো, তার নাম বাতাসি (The House swift)। দুরন্ত গতিতে উড়ে চলে, তাই তো তাকে আমরা বাতাসি বলে ডাকি। লেজ বাদ দিলে তার আকারটা হবে অনেকটা চড়ুই পাখির মতো। কালো ছোট্ট একটা পাখি। সারাদিন উড়ে বেড়াতে দেখা যায় এই পাখিদের, যেন আর কোন কাজ নেই। গ্রামে, গঞ্জে - শহরে, মাঠে - ঘাটে - সর্বত্র এদের দেখা মেলে। একসঙ্গে দলবেঁধে একঝাঁক বিতাসি উড়ে চলে কিচ্ কিচ্ ডাক দিতে দিতে। তখন এই পাখিদের দলকে দেখে মনে হতে পারে এরা যেন শুধুমাত্র ওড়ার জন্যেই জন্মেছে।**

বাতাসি পাখিদের ছেলে - মেয়ে প্রায় একই রকম দেখতে, সেরকম কোনো পার্থক্য চোখে পড়ে না। এদের সারা গায়ে উজ্জ্বল কালো পালকে ঢাকা। আর ঠিক কোমরের ওপরের অংশের পালকে সাদা ছোপ। এরকমটা দেখা যায় থুতনি ও গলায়। এই পাখিদের পাগুলো ছোট্ট আর পায়ের চারটে আঙ্গুল তেমনি ছোট, সবকটি পায়ের সামনের দিকে থাকে।তাই এই ছোট ছোট পা দিয়ে গাছের ডালে ডালে বসতে পারে না। নিরূপায় হয়ে এরা খাড়া দেওয়ালে ঝুলতে থাকে। তবে এরা দুরন্ত গতিতে উড়তে পারে এদের ডানার গড়নের বিশেষত্বের কারণে। এদের ডানাযুগল অনেকটা কাস্তের মতো বাঁকানো, তাই এই পাখিরা দুরন্ত গতিতে উড়ে চলে।

বাতাসিদের লেজের আকৃতি বেশ ছোট আর খানিকটা চেরা। ঠোঁটের গড়ন বাঁকানো, তুলনামূলক ভাবে এদের হাঁ খানিকটা বড়। এরা সাধারণত উড়ন্ত অবস্থায় পোকা ধরতে খুব পারদর্শী এই ধরনের ঠোঁটের গঠনের জন্যেই। আবার এদের চোখের মণির রং বাদামী।

বাতাসি পাখিরা স্বভাবত দলবেঁধে ঘোরাঘুরি করে ও ওড়াওড়ি করে ঝাঁক বেঁধে। এদের পাগুলো ছোট বলে এরা না পারে গাছের ডালে বসতে, না পারে গাছের নীচে নেমে খাবার সংগ্রহ করতে। সেকারণে এরা সারাদিন উড়ে বেড়ায় খাবারের সন্ধানে। তবে এরা বড়সড় পোকা ধরতে পারে না। কিন্তু উড়তে থাকে অবিরাম। যেন শুধুমাত্র ওড়াওড়িতেই আনন্দ আর মজা। বাতাসির দল উড়তে উড়তে হঠাৎ বাঁক নিয়ে ডানাগুলো মেলে ধরে একটু জিরিয়ে নেয়। দেখা গেছে তাদের সঙ্গীসাথি কাছে এসে গেলে ফের দুরন্ত গতিতে উড়তে থাকে।

এই বাতাসি পাখিরা যেমন একসঙ্গে দলবেঁধে উড়ে বেড়ায়, আবার তেমনি তাদের বাসা বানানোর কাজ একসাথে করে। এরা সাধারণত পুরানো বা পরিত্যক্ত বাড়ির আনাচে কানাচে বাসা তৈরি করে থাকে। একসাথে সারিবদ্ধভাবে বাসা বেঁধে যেন উপনিবেশ স্থাপন করে। খড়কুটো, ঘাসপাতা , পাখিদের পালক দিয়ে তাদের লালা লাগিয়ে গোল বাসা তৈরি করে। এই বাসায় ডিম পাড়ে, ছোট বাচ্চাদের বড়ো করে আর তারপর একসাথে উড়তে থাকে।

বাতাসি পাখিরা সাধারণতঃ পোকা ধরে খেতে ভালোবাসে। দুরন্ত গতিকে কাজে লাগিয়ে পোকা ধরায় তাদের জুড়ি মেলা ভার।

--------------------------------

# হাতে নিয়ে তুলি , পাত্রে নিয়ে রঙ

## ছোটদের পাতা






এই চারটি ছবি এঁকেছে

তৌশিনি দাস





এই তিনটি ছবি এঁকেছে মাভৈ মিত্র জানা











শিল্পী - আকাঙ্খা দে



স্বয়ম্ভু পাত্র




মোহর দত্ত



শ্রীতমা হালদার



দেবাংশু নন্দী

**পূজা দত্ত**







**পূজা দত্ত**



**অহ্নিতি**





**অনুষা বসু চৌধুরী**





# Baby's day out… Annual Picnic

**Like every year we had our annual picnic on the second Sunday of January 2025 in the beautiful garden house of Rupasi Bangla at Subhasgram , South 24 Parganas and here is full display of the colorful minds we captured as one of our regular activity in the annual picnic…**



**Toushini Das**



**Shibhangi Das**



**Akankha De**



**Alivia Ghoshal**



**Arundhuti Halder**



**Mabhoi Mira Jana**



**Aritrama Chakraborty**



**Shivasish Guha**



**Mahirima Roy**



**Mohor Dutta**



**Prapti Tiwari**



**Rajika Goswami**



**Sreetama Halder**

# Atmaja in recent time...



Atmaja on a day out at Alipore Jail Museum , March 25



Atmaja Team all the way to Coochbehar to attend the adoptive parents meet at Coochbehar DCPU



Cultural Program by Children after AGM 2024



Preadoptive Couselling and Guidance Workshop at ISSA



Annual Picnic 2025



A trip to Santiniketan by Atmaja Families



Annual Picnic 2025 at Rupasi Bangla Garden House , Subhasgram , South 24 Pgs



Team Atmaja , Picnic 2025




Team Atmaja , Picnic 2025

# ক্যামেরা হাতে আত্মজা'র সদস্যরা

**অচিন বসু**



দারজিলিং থেকে কাঞ্চনজঙ্ঘা



চিত্রকূট জলপ্রপাত ( ভারতের নায়াগ্রা )



দেওমালী হিলস টপ , কোরাপুট

## লেন্সের পিছনে সোমনাথ বসাক





নেতাজী সুভাষ আন্তর্জাতিক বিমান বন্দর | বাবুঘাট , কলকাতা | গঙ্গা আরতি , দুর্গাপুর





কাজিরাঙা , আসাম | কাজিরাঙা , আসাম | কাজিরাঙা , আসাম




কাজিরাঙা , আসাম | কাজিরাঙা , আসাম



স্যান্যাল চর ,
পশ্চিম বঙ্গ
⇐

সেলা পাস
অরুনাচল প্রদেশ
⇒



# গ্রাউন্ড জিরো

সোমনাথ বসাক

আজ বিকেলের আবহাওয়াটা বেশ মনোরম, বর্ষার আকাশ যখন পরিস্কার হয় বিকেলের আকাশজুড়ে থাকে স্বর্ণালী আলোর ছটা – নরম আলো | প্রকৃতি যেন সুর্যদেবের কাজের শেষে খানিক কমলা আবির ছড়িয়েছে নিজের খেয়ালে আকাশ জুড়ে | তারমধ্যে মৃদুমন্দ হাওয়া দিচ্ছে, হাল্কা ঠান্ডা ঠান্ডা হাওয়া |

শ্রেয়ার খুব ভালো লাগে এমন নরম আলোর বিকেল | আজ রবিবার, ইস্কুল নেই তাতে কি! ইংলিশ মিডিয়ামের ক্লাস নাইনের ছাত্রীর যে পড়ার কি চাপ সেটা সেই জানে | সপ্তাহ জুড়ে সারাদিনের দৌড়ানো, বিশেষতঃ রবিবারে থাকে আরো ব্যস্ততা | ভাগ্যিস আজ বিকেলের টিউশনের অংকের মাষ্টারের শরীর খারাপ তাই টিউশনে যাওয়া নেই , নাহলে এমন সুন্দর উপভোগ করার মতো বিকেল কি শ্রেয়া পেত? টিউশনে গেলে হয়ত সবার সাথে দেখা হতো | যদিও ইস্কুলের বন্ধুদের সাথে দেখা তো ইস্কুলে গেলেও হয়, এই ‘সবাই’ এর মধ্যে আছে রণি | ও যেহুতু অন্য ইস্কুলে পড়ে তাই দেখা সাক্ষাৎ টুকু, ঝগড়া ঝাটি সবই এই টিউশনেই সীমাবদ্ধ | মোবাইল ফোনেও তো শ্রেয়ার এখনো পূর্ণ অধিকার নেই, সে মায়ের মোবাইলই ব্যবহার করে |

বিকেলে চায়ের কাপ দুটি হাতে নিয়ে শ্রেয়া মায়ের ঘরে এলো | মা টিভি দেখছে | সে বুঝলো এখন মাকে টিভির সামনে থেকে নড়ানো অসাধ্য কাজ | সে মায়ের চায়ের কাপ মায়ের হাতে ধরিয়ে আস্তে আস্তে ছাদে উঠে এলো |

শ্রেয়াদের একতলা বাড়ি, তার বাবার বানানো , শ্রেয়ার তখন ক্লাস ফাইভ হবে | ছিমছাম তিন কামরার বাড়ি, আলাদা রান্নাঘর, শ্রেয়ার পড়ার জন্য আলাদা ঘর আছে | দু-দুখানি ব্যলকনি – সবই আছে শুধু আজ শ্রেয়ার বাবাই নেই | বছর দুয়েক হলো শ্রেয়া পিতৃহীন | কখন যে এক দুরারোগ্য অসুখ তার বাবার শরীরে বাসা বেধেছিলো বাবাও বোধহয় বুঝতে পারেননি | অফিসের কাজ করতে করতেই টেবিলের উপর ঢলে পড়েছিলেন তিনি, হাসপাতালে নেওয়ার আগেই সব শেষ | শ্রেয়ার তখন ক্লাস সেভেন | ইস্কুলের ক্লাস চলাকালীন খবর গেছিল বাবা অসুস্থ, এক্ষুনি বাড়ি ফিরতে হবে | শ্রেয়া যেন বুঝতে পেরেছিলো, কিছু সাংঘাতিক একটা ঘটে গেছে | হন্তদন্ত হয়ে বাড়ি ফিরে সে বুঝেছিলো বাড়ি থাকলেও মাথার উপর যেন ছাদটাই নেই, বাবা বলে ডাকার মানুষটি চলে গেছেন পৃথিবী ছেড়ে – তাদের দুজনকে ভীষণ একা করে দিয়ে | - আজ বিকেলে ছাদে একা বসে এই আবির রাঙ্গা প্রকৃতি দেখেতে দেখতে সেই ভয়ানক দিনগুলি আবার মনে পড়ে যাচ্ছিল তার | সে আত্মমগ্ন হয়ে যাচ্ছিল বারবার | হারিয়ে হারিয়ে যাচ্ছিল অতীতে – কিন্তু এক কর্কশ ‘কা কা’ শব্দ ছেদ ঘটাচ্ছিল তার চিন্তাতে | শ্রেয়া প্রথমে উপেক্ষা করলেও তারপর খেয়াল করলো কিছু কাক ভীষণ অস্বাভাবিক ভাবে উড়ছে গোল হয়ে আর কর্কশ স্বরে চেচাচ্ছে | আরো ভালো করে লক্ষ্য করলো শুধু কয়েকটি কাক নয়, কয়েকজোড়া শালিক, ঘুঘু এমনকি ছোট্ট চড়াইয়ের দলও তাদের ছাদের পাশে যে খালি একফালি জমি আছে সেখানে যেন কিছুটা অস্বাভাবিক ভাবেই ওড়াওড়ি করছে আর ডাকছে, নিজের নিজের ভাষায়- যেন কিছু বলার চেষ্টা করছে তারস্বরে , কাকের কর্কশ স্বর জানান দিচ্ছে বেশি |

অবাক ব্যপার তো, ভাবে শ্রেয়া , এই প্রায় অন্ধকার হয়ে আসা সন্ধ্যেবেলায় তো এদের নিজের নিজের বাসায় ফিরে যাওয়ার কথা! শ্রেয়ার চোখে পড়ল পাশের ওই জমিটা যেন একটু অন্যরকম লাগছে, যেন বেশ ফাকা ফাকা পরিস্কার | এমনিতে ওটা ছিলো পড়ে থাকা জমি, জঙ্গল হয়ে থাকা অপরিস্কার মতো কিন্তু আজ এরকম কেনো লাগে? আরেকটু ভালো করে দেখতে গিয়ে শ্রেয়া আবিস্কার করলো জমিটাতে যে বড়ো দুটো গাছ ছিলো , দুটোর একটাও তো নেই ! সে জন্যই এতো পরিস্কার লাগছে জমিটা? মনে পড়ল সে মায়ের কাছে শুনেছে যে পাশের বাড়ির লোকজন গত দুদিন ধরে নাকি ঝগড়া করছিল ঐ

জমির মালিকের সাথে , ঝগড়ার মূল বিষয় ছিল গাছের শুকনো ডাল-পাতা পড়ে তাদের বাড়ি নোংরা হচ্ছে | তাই কি গাছ দুটি কাটা পড়ল? তাই কি পাখির দলের এমন অস্বাভাবিক ওড়াওড়ি আর চিৎকার? – যেন তারস্বরে কিছু আর্জি জানানো?

শ্রেয়া ভাবলো ওই নিরীহ পাখিগুলির কথা, তার মনে হলো সত্যি করেই যদি সে একদিন ইস্কুল থেকে বাড়ি ফিরে এসে দেখে যে হঠাৎ তাদের আস্ত বাড়িটাই উধাও, হাওয়ায় মিলিয়ে গেছে – একেবারে যাকে বলে 'গ্রাউন্ড জিরো', কেমন লাগবে তার? শিউড়ে ওঠে সে, ভাবে এই পাখিগুলির অবস্থাও তো তেমনই হয়েছে | এত অনেকটা সেরকমই যেদিন সে ইস্কুল থেকে হন্তদন্ত হয়ে বাড়ি এসে বুঝেছিল মাথার উপর 'বাবা' নামক মহীরুহ টি আর নেই | কিন্তু তবুও আজ বাবা না থাকলেও তার আর মায়ের থাকার বাসস্থান আছে, প্রয়োজনের থেকে বেশি ঘর আছে , গরমে মাথার উপর ফ্যান আছে, শীতে কম্বলের উষ্ণতা আছে, বৃষ্টিভেজা দিনে ঘরের নিরাপত্তায় বাইরের বৃষ্টি উপভোগ করার সুখ আছে | কিন্তু ওই পাখির দলের কি আছে? ছিলো বলতে শুধু পাতার আচ্ছাদনে নিজের বোনা ঠুনকো বাসাখানি, হয়ত ওই গাছ দুটিতেই জন্ম তাদের, হয়ত বা ডিম বা ছানাও ছিলো তাদের বাসায় | আজ সারাদিনের শেষে যখন বাসায় ফিরেছে দেখছে সব বেবাক শূন্য, কিচ্ছুটি নেই সেখানে |

কান পেতে শোনে শ্রেয়া যেন বোঝার চেষ্টা করে কি বলছে পাখির দল | এতক্ষন পাখির কর্কশ বা কিচিরমিচির আওয়াজ আস্তে আস্তে ধরা দিতে লাগলো শ্রেয়ার কানে এক আর্তনাদ-হাহাকারের ভাষায় ! শ্রেয়া যেন শুনতে পেলো আরো কিছু ভাষা, ক্ষীণ তবু সুতীক্ষ্ণ আর্তনাদ, মনে হল তার শুধু ওই পাখির দল নয় বাসাহীন হলো আরো যারা – সেই কত শত সহস্র পিপড়ে, পোকামাকর এর দল, খালিচোখে দেখা যায়না এমন জীবেরাও যারা ওই গাছদুটিতে থাকতো, তাদের মিলিত আর্তনাদ ও মিশে আছে এই সম্মিলিত হাহাকারে !সবাই যেন সমস্বরে কাঁদছে। হাহাকার করছে, যেন নিজেদের ভাষায় জানান দিচ্ছে তাদের গৃহহীন হবার বেদনা, যেন চেচিয়ে বলছে মনুষ্য জাতিকে, - "কোথায় যাবো আমরা পরিবার নিয়ে?"

শ্রেয়া ভাবে , শুধুমাত্র গাছের পাতা পড়ে আমাদের বাড়ির আশেপাশে নোংরা হচ্ছে- এই যুক্তিতে আমরা গৃহহীন করে দিলাম এতগুলো প্রানীকে? আমরা মানুষ তো শ্রেষ্ট জীব, বুদ্ধিতে সর্বোত্তম, আমরা কি বুদ্ধিবলে পারতাম না এদের ঘর-পরিবার বাঁচাতে? আজ যদি এভাবেই আমার ঘরটি গুড়িয়ে দেওয়া হয় হটাৎ করে? – শিউরে ওঠে সে ! হঠাৎ করে ভীষণ ভয় লাগে তার, ঠান্ডা এক ভয়ের স্রোত যেন মেরুদন্ড বেয়ে নামে, মনে হয় এক ঝটকায় যেন তাদের বাড়িটাও শুন্যে মিলিয়ে গেছে আর সে বসে আছে ওই পাখিদের সাথে এক ধূ ধূ প্রান্তরে, তীব্র হাহাকারের সাথে গলা মেলাচ্ছে – কা-কা-কিচিরমিচির শব্দে |

সন্ধ্যা নামে একরাশ কালো অন্ধকার নিয়ে |

"Don't believe tree-huggers who claim that our ancestors lived in harmony with nature. Long before the Industrial Revolution, Homo sapiens held the record among all organisms for driving the most plant and animal species to their extinctions. We have dubious distinction of being the deadliest species in the annals of Biology."

Sapiens – A brief history of humankind, Yuval Noah Harari

# ভূবিজ্ঞানী সুদীপ্তা সেনগুপ্ত

**ঈশিতা দে**




